# নূতন পাঠক্রম

২০১৯

ত্রিস্তরীয়

বাংলা

(সাম্মানিক)

অষ্টম পত্র

*পূর্ণমান ঃ ৬০*

*সময় ঃ ৩ ঘন্টা*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।*

## বর্গ—ক

## (লোকসাহিত্য ও লোক সংস্কৃতি)

১। লোকসংস্কৃতির সংজ্ঞা লেখো ও লোকসংস্কৃতির বিভাগগুলির পরিচয় দাও।

অথবা

লোকবিশ্বাস ও লোকসংস্কার কী ? মৃত্যু ও যাত্রা সম্পর্কিত সংস্কারের পরিচয় দাও। ১২

*(Turn Over)*

২। যেকোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৩×১২

(ক) বাংলা লোককথার শ্রেণীবিভাজন করে প্রতিটি বিভাগের পরিচয় দাও।

(খ) বাংলা লোকনাটকের উদ্ভব ও বিকাশ ধারার পরিচয় দাও।

(গ) রবীন্দ্রনাথের 'ছেলেভুলানো ছড়া' অবলম্বনে শিশুমনের পরিচয় দাও।

(ঘ) প্রবাদ ও ছড়ার সংজ্ঞা, বৈশিষ্ট্যসহ উভয়ের সাদৃশ্য ও বৈসাদৃশ্য আলোচনা করো।

(ঙ) 'ব্রতীনীর কামনার চিত্রিত রূপ ব্রতের আল্পনা'—অবনীন্দ্রনাথ ঠাকুরের 'বাংলার ব্রত' গ্রন্থ অবলম্বনে আলোচনা করো।

(চ) 'চন্দ্রাবতী' পালাটিতে চন্দ্রাবতী চরিত্রের মধ্যে সংস্কার ও প্রেম মনস্তত্ত্বের দ্বন্দ্ব সম্পর্কে আলোচনা করো।

৩। যেকোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৩×৪

(ক) ব্যালাড ও গীতিকার মধ্যে পার্থক্য লেখো।

(খ) হরগৌরী বিষয়ক ছড়ার মধ্যে তৎকালীন যে সমাজচিত্ররূপ ফুটে উঠেছে, সে সম্পর্কে আলোচনা করো।

(গ) লোকসংস্কৃতির বৈশিষ্ট্য সমূহ সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) আদিবাসী সংস্কৃতি ও গ্রামীণ সংস্কৃতির মধ্যে সাদৃশ্য ও বৈসাদৃশ্য বিষয়ে সংক্ষেপে লেখো।

(ঙ) লোকভাষা ও উপভাষার মধ্যে পার্থক্য লেখো।

(চ) টীকা লেখো (যেকোনো *একটি*) :

নক্সী কাঁথা, গয়না বড়ি, সংখ্যা বিষয়ক সংস্কার, বৃক্ষপূজা, টোটেম, ভীমপূজা।

## বর্গ—খ

## (কথা সাহিত্য)

১। প্রবন্ধ লেখো (যেকোনো *তিনটি*) : ৩×১২

(ক) "... আমাদের আসল জাতীয় ইতিহাস মূক জনগণের ইতিহাস, রাজ রাজড়াদের বিজয় কাহিনী নয়'—'ইছামতী' উপন্যাস এই মূক জনগণের যে ইতিহাস বিবৃত হয়েছে তা আলোচনা করো।

(খ) 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) রাজ্য জয়-পরাজয়ের সীমানা পেরিয়ে 'গৌড়মল্লার' উপন্যাসে সাধারণ মানবজীবনের যে জয়গান রচিত হয়েছে—তার পরিচয় দাও।

(ঘ) শাম্ব চরিত্রটি বিশ্লেষণ করো।

২। যেকোনো *একটি* প্রশ্নের উত্তর দাও : ১×১২

(ক) 'Satire তাঁর Wit এবং Fun কে সামান্য প্রসারিত করেছে মাত্র, কখনো একটি জ্বালাজর্জর বৈশিষ্ট্যে চিহ্নিত হয়নি'—'রসময়ীর রসিকতা' গল্প অবলম্বনে মন্তব্যটির যথার্থতা বিচার করো।

(খ) 'মানুষের মানে চাই গোটা মানুষের মানে!' 'বেদেনী' গল্পের রাধিকা চরিত্র অবলম্বনে এই মন্তব্যটির সার্থকতা বিচার করো।

(গ) 'হয়তো' গল্পটির শৈল্পিক গঠন বিচার করো।

৩। যেকোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৩×৪

(ক) টোপ গল্পে ক্ষমতা ও প্রতাপের স্পর্ধিত প্রকাশের দিকটি আলোচনা করো।

(খ) 'জাম্ববতী' কে ? তিনি কোন্ কথাসাহিত্যের চরিত্র? কথাসাহিত্যিক কে? কথাসাহিত্যটি কত সালে প্রকাশিত হয় ?

(গ) পেটের ক্ষুধা আর দেহের ক্ষুধার যুগল সম্মিলনে ভিখু চরিত্রটি কিরূপ জীবন্ত হয়ে ফুটে উঠেছে তা আলোচনা করো।

(ঘ) 'মাধুরী' কে ? তার জীবনতৃষ্ণার পরিচয় দাও।

(ঙ) 'অশ্বমেধের ঘোড়া' নামকরণের সার্থকতা বিচার করো।

## বর্গ—গ

### (নাটক)

১। যেকোনো *একটি* প্রশ্নের উত্তর দাও : ১×১২

(ক) দ্বিজেন্দ্রলাল রায়ের ঐতিহাসিক নাটক সমূহে কোথায় কোথায় কীভাবে শেক্সপীয়রের প্রভাব পড়েছে তা দেখাও।

(খ) মোহিত চট্টোপাধ্যায়ের যেকোনো একটি নাটক বিশ্লেষণ করে 'অ্যাবসার্ডিটি'র দর্শনটি বুঝিয়ে দাও।

২। যেকোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৩×১২

(ক) 'সধবার একাদশী' প্রহসনে নিমচাঁদ চরিত্রটির গুরুত্ব বিচার করো।

(খ) 'কণ্ঠনালীতে সূর্য' নাটকে ছকভাঙা জীবনের কথা কিভাবে ব্যক্ত হয়েছে তা বিশ্লেষণ করে দেখাও।

(গ) ''ডাকঘর নাটকে কবি মানব-মনের সুদুরের জন্য আকাঙ্ক্ষার ও তাহার মুক্তির চিত্র আঁকিয়াছেন'—সমালোচকের এই মন্তব্যটি বিশ্লেষণ করো।

(ঘ) 'বল্লভপুরের রূপকথা' নাটকটির নামকরণের সার্থকতা বিচার করো।

৩। যেকোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৩×৪

(ক) 'বল্লভপুরের রূপকথা' নাটকে পুরাতন ভৃত্যের নাম কী ? নাটকে তার প্রাসঙ্গিকতা লেখো। ১+৩

(খ) 'আমি চঞ্চল হে, আমি সুদূরের পিয়াসী, এই আহ্বান অমল চরিত্রের মধ্যে কিভাবে বিকশিত হয়েছে দেখাও।

(গ) 'কণ্ঠনালীতে সূর্য'। নাটকে কালো পোশাকে ঢাকা ছায়ামূর্তিগুলি কিসের সাংকেতিকতাকে বহন করেছে লেখো।

(ঘ) রামনারায়ণ তর্করত্নের নাটকে কালিদাসের প্রভাব কীভাবে পড়েছে তা সংক্ষেপে লেখো।

## বর্গ—ঘ

## (রবীন্দ্র সাহিত্য)

১। (ক) উৎস উল্লেখ করে 'শুচি' কবিতার অন্তর্নিহিত তাৎপর্য তোমার নিজের ভাষায় ব্যক্ত করো। ১×১২

অথবা

তোমার পাঠ্য কবিতাগুলি অবলম্বনে 'পুনশ্চ' কাব্যের ছন্দরীতি সম্পর্কে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ লেখো।

২। যেকোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৩×১২

(ক) বাংলাদেশের অস্তায়মান অভিজাত সংস্কৃতির ছাপ পড়েছে বিপ্রদাসের চরিত্র-চিত্রণে— এ বিষয়ে তোমার বক্তব্য পরিস্ফুট করো।

(খ) 'বিবেচনা ও অবিবেচনা' প্রবন্ধের মূল বক্তব্য নিজের ভাষায় ব্যক্ত করো।

(গ) 'রাজা' নাটকের ঠাকুরদা চরিত্রটির ভূমিকা আলোচনা করো।

(ঘ) ছোটগল্প হিসেবে 'রবিবার' গল্পের সার্থকতা বিচার করো।

(ঙ) 'নিশীথে' গল্পে মনস্তত্ত্বের সঙ্গে অতিপ্রাকৃতের যে সংমিশ্রণ ঘটেছে তার পরিচয় দাও।

(চ) 'বাঁশী' কবিতার অন্তর্নিহিত তাৎপর্য বিশ্লেষণ করো।

৩। যেকোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৩×৪

(ক) 'পুনশ্চ' কাব্যের ছেলেটার পরিচয় দাও।

(খ) 'নাটক' কবিতার বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

(গ) 'যোগাযোগ' উপন্যাসের শ্যামা চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) "এ সভ্যতা ক্ষমতার দ্বারা চালিত, এতে মমতার স্থান অল্প"—সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

(ঙ) 'জীবিত ও মৃত' গল্পের কাদম্বিনীর সখীর পরিচয় দাও।

(চ) "বেঁচেছি, বেঁচেছি সুরঙ্গমা! হার মেনে তবে বেঁচেছি"—কার উক্তি? উক্তিটির গূঢ়ার্থ ব্যাখ্যা করো।

---

নূতন পাঠক্রম

২০১৯

ত্রিস্তরীয়

বাংলা

(সাম্মানিক)

**সপ্তম পত্র**

*পূর্ণমান* ঃ ৯০

*সময়* ঃ ৪ ঘন্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।*

## বিভাগ—ক

১। যেকোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪×১২

(ক) 'সাহিত্যের তাৎপর্য' —প্রবন্ধ অবলম্বনে সাহিত্যতত্ত্ব সম্পর্কে রবীন্দ্রনাথের সুচিন্তিত মত নিজের ভাষায় ব্যক্ত করো।

(খ) ধ্বনির সংজ্ঞা ও শ্রেণিবিচার করো। কোন ধ্বনি শ্রেষ্ঠ ও কেন আলোচনা করো।

(গ) 'দৃষ্টি ও সৃষ্টি' প্রবন্ধে প্রাবন্ধিক অবনীন্দ্রনাথ ঠাকুরের মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।

(ঘ) অবনীন্দ্রনাথ ঠাকুরের 'সৌন্দর্যের সন্ধান' প্রবন্ধের আলোকে সৌন্দর্য সম্পর্কিত শৈল্পিক অনুভূতির পরিচয় দাও।

(ঙ) আধুনিক সাহিত্য আন্দোলনে সুররিয়ালিজম-এর উদ্ভবের প্রেক্ষাপট ও তাত্ত্বিক দিকগুলির পরিচয় দাও। বাংলা সাহিত্যে এই মতবাদের প্রয়োগ কীভাবে ঘটেছে যেকোনো একটি দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দাও। ৮+৪

(চ) 'রীতিরাত্মা কাব্যস্য'—কাব্যত্মা সম্পর্কিত বিচার ও বিশ্লেষণে আচার্য বামন-এর এই মতটির গ্রহণযোগ্যতা ও সীমাবদ্ধতা বিষয়ে যুক্তিপূর্ণ আলোচনা করো।

## বিভাগ—খ

২। যেকোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৩×৪

(ক) 'জগতের উপরে মনের কারখানা বসিয়াছে এবং মনের উপরে বিশ্বমনের কারখানা—সেই উপরের তলা হইতে সাহিত্যের উৎপত্তি।'—উক্তিটি কোন্ প্রবন্ধের অন্তর্গত ? এর অর্থ ব্যাখ্যা করো। ১+৩

(খ) 'সৌন্দর্যমূর্তিই মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণস্বরূপ।' —কোন্ রচনায় কার এই উক্তি ? মন্তব্যটির নিহিত তাৎপর্য সংক্ষেপে লেখো। ১+৩

(গ) 'কাব্যং গ্রাহ্যম অলংকারাৎ'—একথা কে বলেছেন? একটি দৃষ্টান্ত দিয়ে মন্তব্যটির পক্ষে যুক্তিসহ সংক্ষিপ্ত আলোচনা করো। ১+৩

(ঘ) 'নাট্যশাস্ত্র' গ্রন্থে আচার্য ভরত ক'টি রসের কথা বলেছেন ? স্থায়ীভাবসহ সেগুলির নাম লেখো। ১+৩

(ঙ) 'সাইকোঅ্যানালিসিস'—এর দু-জন তাত্ত্বিকের নাম লেখো। সাহিত্য আন্দোলনে এই তত্ত্বটির মূল অভিমুখগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ১+৩

(চ) অবনীন্দ্রনাথ ঠাকুরের 'শিল্প ও ভাষা' প্রবন্ধের আলোকে শিল্প ও ভাষার পারস্পরিক সম্পর্ক নির্ণয় করো। ৮

## বিভাগ—গ

৩। প্রবন্ধ লেখো (যেকোনো একটি) : ১×৩০

(ক) অন্ত্য-মধ্যযুগের বাংলা সাহিত্যে সমাজচিত্র।

(খ) বাংলার সমাজ ও সাহিত্যে চৈতন্যদেবের প্রভাব।

(গ) বাংলা প্রহসনের গতিপ্রকৃতি।

(ঘ) জন্মশতবর্ষে কবি সুভাষ মুখোপাধ্যায়।

(ঙ) বাংলা গোয়েন্দা উপন্যাস।

(চ) লিট্‌ল ম্যাগাজিন ও বাংলা সাহিত্যচর্চা।

(ছ) বাংলা প্রবন্ধে সামাজিক সমস্যা।

———

নূতন পাঠক্রম

২০১৯

ত্রিস্তরীয়

বাংলা

(সাম্মানিক)

ষষ্ঠ পত্র

*পূর্ণমান ঃ ৯০*

*সময় ঃ ৪ ঘন্টা*

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।*

১। যেকোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ৫×১৫

(ক) বঙ্কিমচন্দ্রের 'শকুন্তলা, মিরন্দা ও দেস্‌দিমোনা' প্রবন্ধটিতে তুলনামূলক বিচার কতখানি সার্থক হয়েছে আলোচনা করো। ১৫

(খ) তোমার পঠিত রবীন্দ্রনাথের 'ছিন্নপত্র'-র পত্রগুলি অবলম্বনে লেখকের মানবচেতনা ও প্রকৃতিচেতনার পরিচয় দাও। ১৫

(গ) অপবিজ্ঞান কী ? এ বিষয়ে রাজশেখর বসুর অভিমতের মূল্যায়ন করো। ১৫

(ঘ) 'আধুনিক যুগ ও রবীন্দ্রনাথ' প্রবন্ধে অন্নদাশঙ্কর রায়ের বক্তব্য তোমার নিজের ভাষায় লেখো। ১৫

(ঙ) 'ভারতচন্দ্র' প্রবন্ধে প্রমথ চৌধুরী ভারতচন্দ্রের কবি প্রতিভা সম্পর্কে যেসব অভিমত দিয়েছন—সেগুলি সংক্ষেপে আলোচনা করো। ১৫

(চ) তোমাদের পাঠ্য প্রমথ চৌধুরীর রচনাগুলি অবলম্বনে লেখকের গদ্যশৈলির বৈশিষ্ট্যগুলি লেখো। ১৫

২। যেকোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৩×৫

(ক) 'স্বাধীনতা' ও 'পরাধীনতা' শব্দ দুটি বঙ্কিমচন্দ্র কী অর্থে ব্যবহার করেছেন, দৃষ্টান্ত দিয়ে তা বুঝিয়ে দাও।

(খ) সংস্কৃত সাহিত্যে দুঃখান্ত পরিণতি সম্পর্কে সুকুমারী ভট্টাচার্যের দৃষ্টিভঙ্গিটির পরিচয় দাও।

(গ) ভারতীয় সংস্কৃতির গোড়ার কথা কী সে বিষয়ে অমূল্যচরণ বিদ্যাভূষণের বক্তব্য সংক্ষেপে লেখো।

(ঘ) প্রথম চৌধুরীর রচনাটি অবলম্বনে আধুনিক বঙ্গ সাহিত্যের বৈশিষ্ট্যগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

# 2019

## Part – II

## BENGALI

## (Honours)

## Paper – V

(New Syllubus)

*Full Marks – 90*

*Time : 4 Hours*

*Write the answers to Questions of each / Half / Part /Group in separate books wherever necessary.*

*The figures in the right-hand margin indicate marks.*

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*Illustrate the answers wherever necessary.*

প্রতিটি নাটক থেকে একটি করে মোট চারটি এবং একাঙ্ক নাটক থেকে একটি অর্থাৎ মোট পাঁচটি প্রশ্নের উত্তরদান আবশ্যিক। ১৫×৫

১। ট্রাজেডি নাটক রূপে 'কৃষ্ণকুমারী' কতখানি সার্থক ? — আলোচনা কর।

অথবা

'কৃষ্ণকুমারী' নাটকের প্রধান নারী চরিত্র নির্মাণে মধুসূদনের কৃতিত্বের পরিচয় দাও।

২। 'সীতা' নাটকের শ্রেণীনির্ণয় করে নাটকটিকে কোন গোত্রভুক্ত করা যায় তা পর্যালোচনা করে দেখাও।

অথবা

'সীতা' নাটকটির মূল দ্বন্দ্ব প্রেম ও কর্তব্যের দ্বন্দ্ব। মূল নাটক অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো।

৩। রূপক সাংকেতিক নাটক হিসাবে 'ফাল্গুনী' নাটকের সার্থকতা বিচার করো।

অথবা

'ফাল্গুনী' নাটকের প্রধান চরিত্রগুলির নির্মাণে নাট্যকার কতদূর সার্থক — আলোচনা করো।

৪। শচীন্দ্রনাথ সেনগুপ্তের 'গৈরিক পতাকা' নাটকের গঠন–কৌশল সম্পর্কে আলোচনা করো।

অথবা

'গৈরিক পতাকা' নাটকের জীজাবাঈ চরিত্রটি কতখানি নাট্য নিয়ন্ত্রকের ভূমিকা পালন করেছে আলোচনা করো।

৫। একাঙ্ক নাটকের স্বরূপ ও বৈশিষ্ট্য বিশ্লেষণের প্রসঙ্গে মন্মথ রায়ের 'রাজপুরী' নাটকের যাথার্থ্য নির্ণয় করো।

অথবা

মনোজ মিত্রের 'অশ্বত্থামা' নাটকের গঠন কৌশল আলোচনা করে একাঙ্ক নাটক হিসাবে এর সার্থকতা বিচার করো।

যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৩

৬। (ক) 'কৃষ্ণকুমারী' নাটকে ধনদাস ও মদনিকা চরিত্রদ্বয়ের গুরুত্ব সংক্ষেপে আলোচনা কর।

(খ) 'সীতা' নাটকে সংযোজিত মৌলিক দৃশ্যগুলির পরিচয় দাও।

(গ) 'ফাল্গুনী' নাটকের চন্দ্রহাস চরিত্রটির গুরুত্ব বিচার করো।

(ঘ) 'গৈরিক পতাকা' নাটক অবলম্বনে নাট্যকারের স্বদেশ প্রেম ভাবনার পরিচয় সংক্ষেপে পর্যালোচনা কর।

(ঙ) ধনঞ্জয় বৈরাগীর 'একপশলা বৃষ্টি' একাঙ্কিকার মূলভাবটির উল্লেখ করে খোকা চরিত্রটির অবস্থান পরিস্ফুট করো।

# 2019

## Part – II

## BENGALI

## (Honours)

## Paper – IV

(New Syllubus)

*Full Marks – 90*

*Time : 4 Hours*

*Write the answers to Questions of each / Half / Part /Group in separate books wherever necessary.*

*The figures in the right-hand margin indicate marks.*

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*Illustrate the answers wherever necessary.*

## বিভাগ — ক

**পাঁচটি প্রশ্নের উত্তর দাও :** ১৫×৫

১। 'রাজসিংহ' উপন্যাসে জেবউন্নিসা–মবারক উপকাহিনীর সার্থকতা বিচার করো।

অথবা

'রাজসিংহ' উপন্যাসে সর্বাপেক্ষা সক্রিয় নারী চরিত্র কোন্‌টি ? চরিত্রটির সক্রিয়তার পরিচয় দাও।

২। 'চোখের বালি' উপন্যাসের নামকরণ কতদূর শিল্পসম্মত হয়েছে, তা যুক্তিসহ বুঝিয়ে দাও।

*অথবা*

'চোখের বালি'র নায়ক মহেন্দ্র নয়, বিহারী। — তোমার মতামত দাও।

৩। প্রবৃত্তির সহিত সচেতন সংস্কারের সংঘাতের প্রেক্ষিতে রাজলক্ষ্মী চরিত্রটি পর্যালোচনা করো।

*অথবা*

অন্নদাদিদি চরিত্র অতিমানবী না হয়েও চরিত্রটির অতিকথার নেপথ্যে রয়েছে লেখকের পিতৃতান্ত্রিক সমাজ মনোভাব। — আলোচনা করো।

৪। 'ডানা' উপন্যাসে রবীন্দ্রভাবনার অনুসরণ কীভাবে ঘটেছে তা নিজের ভাষায় লেখো।

*অথবা*

'ডানা'কে কী মহাকাব্যোপম উপন্যাস বলা যায়? এ বিষয়ে তোমার মতামত উপস্থিত করো।

৫। 'মতিলাল পাদরী' গল্পে কথকতার যে বয়ান গড়ে ওঠে তাতে লেগে থাকে কবিতাকারের অনুভববেদ্যতা। — আলোচনা করো।

*অথবা*

'চিকিৎসা সংকট' গল্প অবলম্বনে গল্পকারের কৌতুক প্রবণতার পরিচয় দাও।

## বিভাগ — খ

**যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ** ৫×৩

১। মাণিকলাল চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও।

২। 'চোখের বালি' উপন্যাসে মোট কটি চিঠির উল্লেখ আছে? উপন্যাসে এই চিঠিগুলির ভূমিকা কী?

৩। বকুলবালা চরিত্রটির মনস্তত্ত্বের পরিচয় দাও।

৪। 'আত্মজা' গল্পটি বিষয়ের দিক থেকে নতুন — বিষয়টি উল্লেখ করে কেন তা অভিনব ব্যাখ্যা করো।

৫। 'যেন দুই যুগে লড়াই' — 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পে দুই যুগের লড়াই বলতে কী বোঝানো হয়েছে ?

---

# 2019

## Part – II

## BENGALI

## (Honours)

## Paper – III

(New Syllubus)

*Full Marks – 90*

*Time : 4 Hours*

*Write the answers to Questions of each / Half / Part /Group in separate books wherever necessary.*

*The figures in the right-hand margin indicate marks.*

*Candidates are required to give their answers in their own words as far as practicable.*

*Illustrate the answers wherever necessary.*

যেকোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১৫×৫

১। পূর্বরাগ কাকে বলে? তোমার পাঠ্য পূর্বরাগের পদে রাধার তন্ময় সাধিকা রূপ নির্মাণে কবির কৃতিত্ব বিচার করো।

২। তোমার পাঠ্য অভিসারের পদটিতে রাধার অভিসার যাত্রার পরিকল্পনা ও সংকল্প গ্রহণের যে ছবি চিত্রিত হয়েছে তার পরিচয় দিয়ে পদটির রসসার্থকতা বিচার করো। ৫+১০

৩। 'বীরাঙ্গনা' কাব্যটিতে মধুসূদনের আধুনিক জীবন চেতনার প্রকাশ কীভাবে ঘটেছে তোমার পাঠ্যপদ অবলম্বনে তা বিশ্লেষণ করে দেখাও। ১৫

৪। 'নীলধ্বজের প্রতি জনা' পত্রটি নির্ভর করে জনা চরিত্রের বিদ্রোহিনী রূপটি বিশ্লেষণ করো। ৫+১০

৫। 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' কবিতায় কবির আত্মপ্রকাশ ও কাব্যপ্রকাশের প্রকাশব্যাকুলতার স্বরূপটি বুঝিয়ে দাও। ১৫

৬। 'আমি' কবিতায় আমি সম্পর্কিত রবীন্দ্র দৃষ্টিভঙ্গীর প্রকৃত পরিচয়টি বিশ্লেষণ করে কবিতার তত্ত্বের স্বরূপটি আলোচনা করো। ১৫

৭। 'দারিদ্র্য' কবিতায় কবির জীবন অভিজ্ঞতা যে বিশেষ কাব্যদর্শনে রূপ লাভ করেছে সে সম্পর্কে আলোচনা করো। ১৫

৮। 'উটপাখি' কবিতায় কবি আধুনিক জীবনভাবনাকে যেভাবে ফুটিয়ে তুলেছেন সে সম্পর্কে তোমার মতামত দাও। ১৫

৯। 'মালতীবালা বালিকা বিদ্যালয়' কবিতায় কবি আধুনিক নারী জীবনের অস্তিত্বের যে সংকট ফুটিয়ে তুলেছেন তার স্বরূপ বিচার করো। ১৫

**যেকোন তিনটি প্রশ্নের উত্তর দাও :** ৫×৩

১০। গৌরচন্দ্রিকা ও গৌরাঙ্গ বিষয়ক পদের পার্থক্য কী ? বৈষ্ণব পদাবলীতে গৌরচন্দ্রিকা পদের প্রাসঙ্গিকতা বুঝিয়ে দাও। ২+৩

১১। 'কর্ম্মনাশা–পাপ–প্রবাহিনী' ! / কেমনে পড়িল বহি জাহ্নবীর জলে !'— কোন্ পত্রিকার অংশ ? এর অর্ন্তনিহিত অর্থটি বুঝিয়ে দাও। ১+৪

১২। 'অরূপ' তোমার রূপের লীলায় / জাগে হৃদয়পুর।' — কোন্ কবিতার অংশ ? অরূপের রূপের লীলা বলতে কবি কী বুঝিয়েছেন? হৃদয়পুর জেগে থাকার অর্থই বা কী ? ১+২+২

১৩। 'আমি বিদ্রাহী ভৃগু ভগবান বুকে এঁকে দিই পদচিহ্ন।'— উদ্ধৃতাংশটির পৌরাণিক প্রসঙ্গটি আলোচনা করে কবির এমন বলার কারণটি বুঝিয়ে দাও। ২+৩

১৪। 'বড়বাবুর কাছে নিবেদন' কবিতায় বড়বাবুর প্রকৃত পরিচয় কী ? কবিতায় কেড়ে নিতে না পারা বিষয়গুলির তালিকাটি যথাযথ সাজিয়ে লেখো। ২+৩

---

২০১৯

বাংলা

( সাম্মানিক )

দ্বিতীয় পত্র

*পূর্ণমান* : ৯০

*সময়* : ৪ ঘণ্টা

**সমস্ত প্রশ্নের উত্তর দাও**

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

১। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও : ১৫ × ২

(ক) বাংলা ভাষায় বিভিন্ন স্তরের কালসীমা নির্দেশ করে আদি-মধ্য বাংলার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য সমূহ আলোচনা কর। ৫ + ৫ + ৫

(খ) সাধু ও চলিত ভাষার সংজ্ঞাসহ বৈশিষ্ট্য লেখো। সাধু ও চলিত ভাষার পার্থক্য লেখো। ৭ + ৮

( *Turn Over* )

(গ) বাংলা ভাষার শব্দ ভাণ্ডারের পরিচয় দাও । ১৫

(ঘ) ঝাড়খণ্ডী উপভাষার প্রচলন-ক্ষেত্র উল্লেখ করে এর ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি লেখো ।
২ + ১ + ৬ + ৬

২। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও : ৫ × ২

(ক) বাংলা ব্যাকরণ চর্চায় সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের অবদান আলোচনা করো । ৫

(খ) রাঢ়ী ও বঙ্গালী উপভাষার তুলনামূলক আলোচনা করো । ৫

(গ) টীকা লেখো :

ভুয়াশব্দ বা ভুঁইফোড় শব্দ (Ghost-Word), মুণ্ডমাল শব্দ । $২\frac{১}{২}+২\frac{১}{২}$

*অথবা*

খণ্ডিত শব্দ, অপভাষা ।

(ঘ) শব্দের অর্থ–সংক্রম ও অর্থ–সংকোচন কাকে বলে দৃষ্টান্তসহ লেখো । ৫

৩। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১০ × ২

(ক) টীকা লেখো : ওড, কমেডি । ৫ + ৫

(খ) মহাকাব্যের বৈশিষ্ট্য ও শ্রেণিগুলি সম্পর্কে আলোচনা করো। ১০

(গ) আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ পর্যালোচনা করো। ১০

(ঘ) অ্যাবসার্ড নাটকের বৈশিষ্ট্যগুলি ব্যাখ্যাসহ লেখো। ১০

৪। যে কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও : ১০ × ১

(ক) অমিত্রাক্ষর ছন্দের সংজ্ঞা, বৈশিষ্ট্য, উদাহরণসহ ব্যাখ্যা করো। ২ + ৬ + ২

(খ) টীকা লেখো : ৫ + ৫

গদ্যছন্দ, শ্বাসাঘাত।

৫। যে কোনো *একটি* উদ্ধৃতির ছন্দোলিপি নির্ণয় করো : ৫ × ১

(ক) বলো কী হে, বলরাম
কচু কেন এত দাম
ট্যাঁড়স এমন কেন মাগ্‌গি !
জানেন না, গঙ্গায়
জাহাজ আসে না হায় !
পাচ্ছেন এই ঢের ভাগ্যি !

(খ) সকল লোকের মাঝে বসে
আমার নিজের মুদ্রাদোষে
আমি একা হতেছি আলাদা ?
আমার চোখেই শুধু ধাঁধা ?
আমার চোখেই শুধু বাধা ?

৬। যে কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও : ১০ × ১

(ক) অনুপ্রাস অলংকার কাকে বলে ? বিভিন্ন প্রকার অনুপ্রাস অলংকারের পরিচয় দাও । ১০

(খ) টীকা লেখো :

শ্লেষ, অতিশয়োক্তি । ৫ + ৫

৭। যে কোনো *একটি* অলংকার নির্ণয় করো : ৫ × ১

(ক) মাটিতে যাদের ঠেকে না চরণ
মাটির মালিক তাহারাই হন ।

(খ) সীতাহারা আমি যেন মনিহারা ফণী ।

---

২০১৯

বাংলা

( সাম্মানিক )

প্রথম পত্র

*পূর্ণমান* : ৯০

*সময়* : ৪ ঘণ্টা

সমস্ত প্রশ্নের উত্তর দাও

*দক্ষিণ–প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

১। যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১৫ × ৩

(ক) 'মঙ্গলকাব্য' কাকে বলে ? মঙ্গলকাব্যের কাহিনী আঙ্গিকগতভাবে কয়ভাগে বিভক্ত এবং কী কী ? বিজয় গুপ্তের মনসামঙ্গল কাব্যটি কী নামে খ্যাত ? কাব্যটি রচনায় বিজয় গুপ্তের প্রতিভার পরিচয় দাও। ২ + ৫ + ১ + ৭

(খ) বাংলা কবিতার ধারায় জীবনানন্দ দাশের স্বাতন্ত্র্য ও কৃতিত্বের পরিচয় দাও । ১৫

(গ) নাট্যকার বিজন ভট্টাচার্যের মূল্যায়ন করো । ১৫

(ঘ) বাংলা উপন্যাসের ধারায় রবীন্দ্রনাথের দান সম্পর্কে আলোচনা করো । ১৫

(ঙ) গদ্য–সাহিত্যের ধারায় মুজতবা আলীর অবদান পর্যালোচনা করো । ১৫

২। নাট্যকার কালিদাসের কৃতিত্ব বিচার করো । ১৫

*অথবা*

বাণভট্টের সৃষ্টি–প্রতিভার পরিচয় দাও । ১৫

৩। শেক্সপিয়রের ট্রাজেডিগুলির পরিচয় দাও । ট্রাজেডি–স্রষ্টা শেক্সপিয়রের মূল্যায়ন করো । ৫ + ১০

*অথবা*

ডিকেন্সের সাহিত্য–প্রতিভার স্বাতন্ত্র্য ও সীমাবদ্ধতা কোথায় বুঝিয়ে দাও । ১৫

৪। যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৫ × ৩

(ক) চৈতন্যচরিত সাহিত্যে কৃষ্ণদাস কবিরাজের অবদান পর্যালোচনা করো। ৫

(খ) যতীন্দ্রনাথ সেনগুপ্তের কাব্যগুলির নাম লেখো। কবির কাব্যবৈশিষ্ট্যে স্বাতন্ত্র্য কোথায় লেখো। ৩ + ২

(গ) টীকা লেখো : $২\frac{১}{২}+২\frac{১}{২}$

নীলদর্পণ, সাজাহান।

(ঘ) স্তম্ভ মেলাও : ৫

| | |
|---|---|
| রাজসিংহ | বনফুল |
| মানবজমিন | তারাশংকর বন্দ্যোপাধ্যায় |
| গণদেবতা | রবীন্দ্রনাথ ঠাকুর |
| চতুরঙ্গ | বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় |
| স্থাবর | শীর্ষেন্দু বন্দ্যোপাধ্যায় |

(ঙ) রচনাকারের নাম লেখো : $\frac{১}{২}\times১০$

কথোপকথন, তোতাকাহিনী, বর্ণপরিচয়, গোস্বামীর সহিত বিচার, লোকরহস্য, হুতোম প্যাচার নক্সা, নানাকথা, দেশে বিদেশে, জোড়াসাঁকোর ধারে, তারুণ্য।

---

২০১৮

বাংলা

(সাম্মানিক)

অষ্টম পত্র

পূর্ণমান : ৬০

সময় : ৩ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

( নূতন পাঠক্রম )

বর্গ—ক

( *লোকসাহিত্য ও লোকসংস্কৃতি* )

১। শিষ্টসংস্কৃতি ও লোকসংস্কৃতির তুলনামূলক আলোচনা করো। ১২

*অথবা*

লোকসংস্কৃতির শ্রেণীবিভাগ করো। প্রতিটি বিভাগের দৃষ্টান্ত দাও। ১২

২। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১২ × ৩

(ক) লোকসাহিত্যের বৈশিষ্ট্যগুলি কি কি ? লোকসাহিত্য ও শিষ্টসাহিত্যের পার্থক্যগুলি লেখো । ৬ + ৬

(খ) লোককথা কয় প্রকার ও কী কী ? লোককথার সাধারণ বৈশিষ্ট্যগুলি লেখো । ৫ + ৭

(গ) 'বাংলার লৌকিক ছড়াগুলি চিরনূতন চিরপুরাতন' — রবীন্দ্রনাথের 'ছেলেভুলানো ছড়া' অবলম্বনে আলোচনা করো । ১২

(ঘ) হরগৌরীর গানের মধ্যে রয়েছে বাংলার প্রাণের কথা — রবীন্দ্রনাথের 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো । ১২

(ঙ) ব্রতের মধ্যে একটি নাট্যলক্ষণ আছে । — 'বাংলার ব্রত' গ্রন্থ অবলম্বনে আলোচনা করো । ১২

(চ) 'চন্দ্রাবতী' পালাটির চন্দ্রাবতী চরিত্রটি একই সঙ্গে প্রেমিকা ও কন্যা রূপে সার্থক হয়ে উঠেছে — আলোচনা করো । ১২

৩। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪ × ৩

(ক) লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতির মধ্যে কোনো সীমারেখা টানা সম্ভব কি ? — তোমার মতামত লেখো । ৪

(খ) 'ভাওয়াইয়া' নামকরণের তাৎপর্যগুলি সংক্ষেপে লেখো। ৪

(গ) রূপকথা ও উপকথার পার্থক্য কোথায় ? — দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দাও। ৪

(ঘ) ছড়ার বিচার শিষ্ট সংস্কৃতির মানদণ্ডে করা কেন সম্ভব নয় বলে রবীন্দ্রনাথ মনে করেছেন, 'ছেলে ভুলানো ছড়া' অবলম্বনে আলোচনা করো। ৪

(ঙ) আঞ্চলিকতা লোকসাহিত্যের একটি অন্যতম বৈশিষ্ট্য — 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধ অবলম্বনে তা আলোচনা করো। ৪

(চ) টীকা লেখো (যে কোন *একটি*) : ৪

ধাঁধা, চন্দ্রাবতী পালার পত্রাবলী, ব্রতের শ্রেণীবিভাগ।

## বর্গ — খ

## ( *কথাসাহিত্য* )

১। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১২ × ৩

(ক) 'ইছামতী' উপন্যাসে ইছামতী নদী মানুষের জীবনে কতখানি প্রভাব বিস্তার করেছে আলোচনা করো। ১২

(খ) স্বাধীনতা উত্তর ভারতবর্ষে মেনে নেওয়া ও মানিয়ে নেওয়ার ঘেরাটোপে আবদ্ধ নারীর প্রথম স্বাধীন কণ্ঠের

আত্মঘোষণা সত্যবতী চরিত্রের মধ্যে কীভাবে প্রকাশ পেয়েছে 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসের নিরিখে বিশ্লেষণ করো। ১২

(*গ*) 'গৌড়মল্লার' উপন্যাসের বজ্রদেব চরিত্রটি বিশ্লেষণ করো। ১২

(*ঘ*) 'শাম্ব' ভ্রমণকাহিনী না উপন্যাস বিচার করো। ১২

২। যে কোন *একটি* প্রশ্নের উত্তর দাও : ১২ × ১

(*ক*) 'প্রাগৈতিহাসিক' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো। ১২

(*খ*) 'টোপ' গল্পে যে ভয়ঙ্কর ও নির্মম জীবনসত্যের প্রকাশ ঘটেছে তা বিশ্লেষণ করো। ১২

(*গ*) 'অশ্বমেধের ঘোড়া' গল্পে আধুনিক নরনারীর যে মানসিক টানাপোড়েনের চিত্র ফুটে উঠেছে তার স্বরূপ ব্যাখ্যা করো। ১২

৩। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ৩

(*ক*) 'গৌড়মল্লার' উপন্যাসের পটভূমি বর্ণনা করো। ৪

(*খ*) 'রসময়ীর রসিকতা' গল্পের হাস্যরসের প্রকৃতি বিশ্লেষণ করো। ৪

(*গ*) 'বেদেনী' গল্পে আদিম জীবনসত্যের রূপায়ণে গল্পকারের কৃতিত্ব পর্যালোচনা করো । ৪

(*ঘ*) 'হয়তো' গল্পের শিল্পরীতি বিশ্লেষণ করো । ৪

(*ঙ*) 'নেটিভ স্টেট, বাঘের বাচ্চা বাঘই' — উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা কর । ৪

## বর্গ—গ

### ( *নাটক* )

১। যে কোন *একটি* প্রশ্নের উত্তর দাও : ১২ × ১

(*ক*) রবীন্দ্রনাথের নাটকে কালিদাসের প্রভাব সম্পর্কে আলোচনা করো । ১২

(*খ*) অ্যাবসার্ড নাটকের একটি সর্বজনগ্রাহ্য সংজ্ঞা দিয়ে বাদল সরকারের নাটকে অ্যাবসার্ড দর্শনের প্রভাব কতদূর লক্ষ্যগোচর তা পর্যালোচনা করে দেখাও । ১২

২। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১২ × ৩

(*ক*) অপূর্ব ব্যঞ্জনাময় সংলাপ কিভাবে 'সধবার একাদশী' প্রহসনের কাহিনীকে সরস ও প্রাণবান করে তুলেছে আলোচনা করো । ১২

(খ) 'কণ্ঠনালীতে সূর্য' নাটকে নাট্যকারের কবিসত্তার পরিচয় দাও । ১২

(গ) 'ডাকঘর' নাটকটির নামকরণের যথার্থতা বিচার করো। ১২

(ঘ) 'বল্লভপুরের রূপকথা' নাটকটির অনুপ্রেরণা একটি বিদেশী চলচ্চিত্র হলেও নাটকটি মৌলিক — আলোচনা করো । ১২

৩। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ৩

(ক) সংক্ষেপে গিরিশচন্দ্র ঘোষের নাটকে শেক্সপীয়রের প্রভাব দেখাও । ৪

(খ) 'কণ্ঠনালীতে সূর্য' নাটকে 'নীল আলো' কিসের প্রতীক আলোচনা করো । ৪

(গ) 'সধবার একাদশী' প্রহসনের হাস্যরসের পরিচয় দাও । ৪

(ঘ) 'বল্লভপুরের রূপকথা' নাটকে দোকানদার চরিত্রগুলির গুরুত্ব লেখো । ৪

বর্গ—ঘ

( *রবীন্দ্রসাহিত্য* )

১। যে কোন *একটি* প্রশ্নের উত্তর দাও : ১২ × ১

(ক) ''পুনশ্চ' কাব্যগ্রন্থে রবীন্দ্রনাথ তুচ্ছকেও মর্যাদায় প্রতিষ্ঠিত

করেছেন'' পাঠ্য কবিতাগুলি অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করো । ১২

(খ) 'শিশুতীর্থ' কবিতায় মৃত্যুকে জয় করে অমৃতলাভের কথা কীভাবে মুখ্য হয়ে উঠেছে তা লেখো । ১২

২। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১২ × ৩

(ক) 'যোগাযোগ' উপন্যাসে দাম্পত্য সম্পর্কের যে মনস্তাত্ত্বিক জটিলতা প্রকাশিত হয়েছে তা আলোচনা করো । ১২

(খ) 'সমাধান' প্রবন্ধে রাষ্ট্রনীতির স্বাধীনতা সম্পর্কে রবীন্দ্রনাথ কী বলেছেন তা লেখো । ১২

(গ) 'রাজা' নাটকে সুদর্শনা চরিত্রটির বিবর্তন দেখাও । ১২

(ঘ) ছোট গল্প হিসাবে 'পয়লানম্বর' গল্পটির সার্থকতা বিচার করো । ১২

(ঙ) ''দুর্বল পুরুষতন্ত্রের বিরুদ্ধে নারীবাদী ভাবনা ও তার জেহাদ 'জীবিত ও মৃত' গল্পটিকে উজ্জ্বল করেছে'' মন্তব্যটি বিচার করো । ১২

(চ) 'তীর্থযাত্রী' কবিতায় কবির বক্তব্যটি বিশ্লেষণ করো । ১২

৩। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ৩

(ক) পুনশ্চ কাব্যের 'নাটক' কবিতার অভিনবত্বের দিকটির সংক্ষিপ্ত পরিচয় দাও । ৪

(খ) 'যোগাযোগ' উপন্যাসে অপ্রধান চরিত্র হিসাবে মোতির মায়ের ভূমিকাটি লেখো । ৪

(গ) "এই বড়ো-ইংরেজ স্থির নাই, সে অগ্রসর হইয়া চলিয়াছে । ইতিহাসের মধ্য দিয়া তার জীবনের পরিবর্তন ও প্রসার ঘটিতেছে ।" প্রসঙ্গ নির্দেশ করে ব্যাখ্যা করো । ৪

(ঘ) 'রাজা' নাটকে গানের সংখ্যা কটি ? এই গানগুলি কারা গেয়েছেন ? ৪

(ঙ) 'মধ্যবর্তিনী' গল্পটি কত সালে কোন পত্রিকায় প্রকাশিত হয় ? গল্পের পাত্র পাত্রীর সংখ্যা কত ? কে কে ? ৪

(চ) "সেই মুহূর্তেই সে জননীর পদ অধিকার করিয়া বসিল ।" কে কীভাবে কার জননীর পদ অধিকার করে বসল ? ৪

---

Total Pages—4

# UG/III/BENG/H/VII/18(New)

২০১৮

বাংলা

(সাম্মানিক)

সপ্তম পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

( নূতন পাঠক্রম )

বিভাগ — ক

১। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ১২ × ৪

(ক) 'ঐতিহাসিক উপন্যাস' অবলম্বনে ইতিহাস রস সম্পর্কে রবীন্দ্রনাথের মত নিজের ভাষায় ব্যক্ত করো। ১২

(খ) বিভাব, অনুভাব ও সঞ্চারীভাবের সহযোগে কীভাবে রসনিষ্পত্তি ঘটে, তা দৃষ্টান্তসহ বুঝিয়ে দাও। ১২

( Turn Over )

(গ) 'অন্তর ও বাহির' প্রবন্ধে প্রাবন্ধিকের মূল বক্তব্য নিজের ভাষায় লেখো । ১২

(ঘ) অরূপ ও রূপের পারস্পরিক সম্পর্ক ও পার্থক্য অবনীন্দ্রনাথ ঠাকুরের 'অরূপ না রূপ' প্রবন্ধের আলোকে বুঝিয়ে দাও । ১২

(ঙ) আধুনিক সাহিত্য আন্দোলনে ন্যারেটোলজি–এর গুরুত্ব এবং বাংলা সাহিত্যে তার প্রয়োগ সম্পর্কে আলোচনা কর । ১২

(চ) 'বাক্যং রসাত্মকং কাব্যং' —রসকে কাব্যের আত্মা বলা যায় কিনা সে সম্পর্কে তোমার মতামত ব্যক্ত করো । ১২

বিভাগ — খ

২। যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪ × ৩

(ক) 'সাহিত্য ব্যক্তি বিশেষের নহে, তাহা রচয়িতার নহে, তাহা দৈববাণী ।' পংক্তিটি কোন্ প্রবন্ধের অন্তর্গত ? পংক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো । ১ + ৩

(খ) 'ভাবকে নিজের করিয়া সকলের করা ইহাই সাহিত্য, ইহাই ললিত কলা ।' পংক্তিটি মূল কোন্ প্রবন্ধের অন্তর্গত ? প্রবন্ধটি প্রথমে কোন্ পত্রিকায় প্রকাশিত হয় ? পংক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো । ১ + ৩

(গ) নিম্নলিখিত গ্রন্থগুলির রচয়িতার নাম এবং তিনি কোন্ শতাব্দীতে বর্তমান ছিলেন তা উল্লেখ করো :

'কাব্যানুশাসন', 'ব্যক্তিবিবেক', 'কাব্যাদর্শ', বক্রোক্তিজীবিত। ৪

(ঘ) 'স্ট্রাকচারালিজম্'–এর দু'জন তাত্ত্বিকের নাম উল্লেখ করো। স্ট্রাকচারালিজম্ এর স্বরূপ সংক্ষেপে বর্ণনা করো। ১ + ৩

(ঙ) উদাহরণ সহ 'সিম্বলিজম' সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ৪

(চ) অবনীন্দ্রনাথ ঠাকুরের 'অসুন্দর' প্রবন্ধের আলোকে সংক্ষেপে অসুন্দর–এর স্বরূপ নির্ণয় করো। ৪

## বিভাগ — গ

৩। প্রবন্ধ লেখো (যে কোনো *একটি*) : ৩০ × ১

(ক) বৈষ্ণব পদসাহিত্যে নিসর্গ রূপ

(খ) বাংলা গীতিকবিতার ধারা

*(গ) বাংলা নাটক ও নাট্যমঞ্চের বিবর্তন*

Total Pages—3 **UG/III/BENG/H/VI/18(New)**

২০১৮

বাংলা

( সাম্মানিক )

ষষ্ঠ পত্র

*পূর্ণমান :* ৯০

*সময় :* ৪ ঘন্টা

সমস্ত প্রশ্নের উত্তর দাও

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

( নূতন পাঠক্রম )

১। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ১৫ × ৫

(ক) 'গীতিকাব্য' প্রবন্ধ অবলম্বনে গীতিকাব্য বিষয়ে বঙ্কিমচন্দ্রের মতামত ব্যক্ত করো।

(খ) 'অনুকরণ' প্রবন্ধটি অনুসরণে অনুকরণের সুফল ও কুফল বিষয়ে বঙ্কিমচন্দ্রের অভিমত উপস্থাপিত করো।

(গ) 'ছিন্নপত্র'র ১৬, ৩০, ৮০ এবং ৯২ সংখ্যক পত্রকে পত্রসাহিত্য হিসেবে বিবেচনা করা যায় কিনা সে বিষয়ে তোমার মতামত দাও ।

(ঘ) 'জাতীয় জীবন গঠনে সাহিত্যের স্থান' প্রবন্ধে প্রাবন্ধিকের মূল বক্তব্য নিজের ভাষায় লেখো ।

(ঙ) 'মনের দুটি ভাষা' — প্রবন্ধে প্রাবন্ধিকের ভাবনা লিপিবদ্ধ করো ।

(চ) 'সাধুভাষা ও চলিতভাষা' প্রবন্ধে চলিত ভাষার সপক্ষে প্রাবন্ধিক যে–সমস্ত যুক্তি দিয়েছেন, তা নিজের ভাষায় ব্যক্ত করো ।

২। যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৫ × ৩

(ক) 'শকুন্তলা মিরান্দা এবং ডেস্‌দিমনা' প্রবন্ধে প্রাবন্ধিক মিরান্দাকে শকুন্তলা ও ডেসদিমনার চেয়ে সরল বলে প্রতিষ্ঠিত করার সপক্ষে যে–সব যুক্তি দিয়েছেন সেগুলি নিজের ভাষায় লেখো । ৫

(খ) পিতামহ রামজয় তর্কভূষণ' — প্রবন্ধে বিদ্যাসাগর তাঁর পিতামহের যে সমস্ত চারিত্রিক বৈশিষ্ট্য উল্লেখ করেছেন সেগুলি নিজের ভাষায় লিপিবদ্ধ করো । ৫

(গ) 'বইপড়া' প্রবন্ধে লেখক বইপড়ার অভ্যাস গড়ে তোলায় জোর দিয়েছেন কেন ? — আলোচনা করো । ৫

(ঘ) টীকা লেখো (যে কোন *দুটি*) : $২\frac{১}{২}\times২$

ভারতচন্দ্র, প্রস্পেরো, বৈশম্পায়ন ।

---

# UG/II/BENG/H/V/18 (New)

২০১৮

বাংলা

(সাম্মানিক)

পঞ্চম পত্র

পূর্ণমান : ৯০

*সময় :* ৪ ঘন্টা

*দক্ষিণ–প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

( নূতন পাঠক্রম )

প্রতিটি নাটক থেকে একটি করে মোট চারটি এবং একাঙ্ক নাটক থেকে একটি অর্থাৎ মোট পাঁচটি প্রশ্নের উত্তর দান আবশ্যিক : ১৫ × ৫

১। ঐতিহাসিক নাটক হিসেবে 'কৃষ্ণকুমারী' কতদূর সার্থক ? — বিচার করো ।

*অথবা*

মধুসূদন দত্তের 'কৃষ্ণকুমারী' নাটকে পাশ্চাত্য প্রভাব বিষয়ে আলোচনা করো ।

( *Turn Over* )

২। 'সীতা' নাটকে পুরাণের নবনির্মাণে নাট্যকারের সাফল্য বিচার করো ।

*অথবা*

'সীতা' নাটকে সীতা চরিত্র চিত্রণে নাট্যকারের কৃতিত্ব পর্যালোচনা করো ।

৩। রবীন্দ্রনাথের 'ফাল্গুনী' নাটকের প্রতিটি দৃশ্যে গীতিভূমিকাগুলি উল্লেখ করে নাটকে তার প্রয়োজনীয়তা বিষয়ে আলোকপাত করো ।

*অথবা*

''বিশ্বপ্রকৃতির মধ্যে প্রাপ্তি ফাল্গুনে চিরপুরাতন এই যে চিরনূতন হয়ে জন্মাচ্ছে, মানব প্রকৃতির মধ্যেও পুরাতনের সেই লীলা চলছে ।'' 'ফাল্গুনী' নাটক অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো ।

৪। সংলাপ ও গানের মধ্য দিয়ে 'গৈরিক পতাকা' নাটকে দেশাত্মবোধের সুর প্রতিধ্বনিত । — আলোচনা করো ।

*অথবা*

'গৈরিক পতাকা' নাটকে শিবাজী চরিত্র নির্মাণে নাট্যকারের কৃতিত্ব বিচার করো ।

৫। বিধায়ক ভট্টাচার্য্যের 'সরীসৃপ' নাটকটির নামকরণের যথার্থতা বিচার করো ।

*অথবা*

একাঙ্ক নাটক হিসাবে তুলসী লাহিড়ীর 'চৌর্যানন্দ' একাঙ্কিকার সার্থকতা বিচার করো ।

৬। যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৫ × ৩

(*ক*) 'কৃষ্ণকুমারী' নাটকের বলেন্দ্র সিংহের চরিত্রের গুরুত্ব বিচার করো ।

(*খ*) 'সীতা' নাটকে বাল্মীকির রামায়ণ ও ভবভূতির উত্তররাম-চরিত -এর অনুকরণ কতখানি হয়েছে ?

(*গ*) রবীন্দ্রনাথের 'ফাল্গুনী' নাটকে দৃশ্যের শিরোনাম ও স্থানের উল্লেখ করো ।

(*ঘ*) 'গৈরিক পতাকা' নাটকের ঘোড়পুর চরিত্রটি পর্যালোচনা করো ।

(*ঙ*) একাঙ্ক নাটকের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো ।

---

**UG/II/BENG/H/IV/18(New)**

**২০১৮**

**বাংলা**

**(সাম্মানিক)**

চতুর্থ পত্র

পূর্ণমান ঃ ৯০

সময় ঃ ৪ ঘন্টা

*দক্ষিণ–প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

( নূতন পাঠক্রম )

**বিভাগ — ক**

পাঁচটি প্রশ্নের উত্তর দাও ঃ ১৫ × ৫

১। “ ‘রাজসিংহ’র বৃহত্তর সংঘটনের মধ্যে, ইহার যুগান্তকারী বিপ্লবের ভিতরে, সাধারণ নিম্নশ্রেণীর মানুষের কোন স্থান নাই ।” —মন্তব্যটি কতদূর সংগত তা বিচার করো।

( *Turn Over* )

*অথবা*

'রাজসিংহ' উপন্যাসের ঐতিহাসিকতা বিচার করো । প্রসঙ্গত 'ঐতিহাসিক রস' সৃজনে উপন্যাসিকের কৃতিত্ব বিচার করো ।

২। 'চোখের বালি' উপন্যাসে 'আঁতের কথা'র বিশ্লেষণী শিল্পরূপ কতখানি সার্থক হয়েছে তা পর্যালোচনা করো ।

*অথবা*

'চোখের বালি' উপন্যাসে পরিণতি কতদূর শিল্পসম্মত হয়েছে — তা বিশ্লেষণ করে দেখাও ।

৩। 'শ্রীকান্ত' (১ম পর্ব) অবলম্বনে শ্রীকান্ত রাজলক্ষ্মীর পারস্পরিক সম্পর্কের স্বরূপ বিশ্লেষণ করো ।

*অথবা*

'শ্রীকান্ত' ভ্রমণ কাহিনী না লেখকের আত্মজিবনী তা ১ম পর্ব অবলম্বনে বিচার করো ।

৪। 'ডানা' উপন্যাসের গঠনশৈলী পর্যালোচনা করো ।

*অথবা*

'ডানা' উপন্যাসের বিজ্ঞানী অমরেশবাবু চরিত্রটি বিশ্লেষণ করো ।

৫। 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পের নামকরণের যথার্থতা বিচার করো ।

*অথবা*

আত্মজা গল্পে ফ্রায়েডীয় মনোবিকলনের যে শৈল্পিক অভিব্যক্তি ঘটেছে তা বিশ্লেষণ করো ।

## বিভাগ — খ

যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫ × ৩

৬। 'চোখের বালি' উপন্যাসের ঘটনাধারায় রাজলক্ষ্মীর ভূমিকা পর্যালোচনা করো ।

৭। 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাস অবলম্বনে নতুনদা চরিত্রটি ব্যাখ্যা করো ।

৮। 'মতিলাল পাদরী' গল্পে লেখকের প্রতিপাদ্য ব্যাখ্যা করো ।

৯। 'ভদ্রাবতীর গভীর কালো জলের তলায় রাতের অন্ধকারে কোন এক দেবী পথ হারিয়ে ফেলেছিল''–উদ্ধৃতাংশের উৎস, প্রসঙ্গ ও তাৎপর্য আলোচনা করো ।

১০। ‘‘নবজীবন পেয়েছ, তুমি জান না তুমি কার মা’’– উদ্ধৃতিটির উৎস উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করো ।

---

**UG/II/BENG/H/III/18 (New)**

২০১৮

বাংলা

(সাম্মানিক)

তৃতীয় পত্র

পূর্ণমান ঃ ৯০

*সময় ঃ ৪ ঘণ্টা*

*দক্ষিণ–প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

( নূতন পাঠক্রম )

যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও ঃ ১৫ × ৫

১। "এ সখি হামারি দুখের নাহি ওর" — পদটির রচয়িতা কে ? কোন্ পর্যায়ের পদ ? বৈষ্ণব পদাবলী সাহিত্যে পদটির গুরুত্ব আলোচনা করে উক্ত পদের কাব্য সৌন্দর্য বিশ্লেষণ করো ।

২। "বিদ্যাপতি ভক্ত নহেন–, কবি, — গোবিন্দদাস যতো বড় কবি ততোধিক ভক্ত" — যুক্তিসহ এই মন্তব্যের সারবত্তা বিচার করো ।

( *Turn Over* )

৩। 'লক্ষ্মণের প্রতি শূর্পণখা' পত্রিকার শূর্পণখা চরিত্রটি কতখানি রেনেসাঁসের প্রভাবজাত তা বিশ্লেষণ করে দেখাও ।

৪। পত্রকাব্য হিসাবে বীরাঙ্গনা কাব্যের সার্থকতা বিচার করো ।

৫। ''তপোভঙ্গ'' কবিতার নির্ভরে রবীন্দ্রনাথের যৌবন সম্পর্কিত দৃষ্টিভঙ্গির পরিচয় দাও ।

৬। ''অনন্ত প্রেম'' কবিতার আলোকে রবীন্দ্রনাথের প্রেমচেতনার পরিচয় পরিস্ফুট করো ।

৭। নজরুলের ''বাতায়ন পাশে গুবাক তরুর সারি'' কবিতায় বিধৃত প্রেম চেতনার পরিচয় দাও ।

৮। ''আমার কৈফিয়ৎ'' কবিতায় কবি প্রদত্ত কৈফিয়ৎগুলির পর্যালোচনা সূত্রে তাঁর কবি মানসের স্বরূপ বিশ্লেষণ করো ।

৯। ''আট বছর আগের একদিন কবিতায়'' কবি জীবনানন্দ দাশ আধুনিক মানুষের অস্তিত্বের সংকট কীভাবে ফুটিয়ে তুলেছেন তা সংক্ষেপে আলোচনা করো ।

যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও ঃ ৫ × ৩

১০। তোমার পাঠ্য বাল্যলীলার পদে যশোদার মাতৃহৃদয়ের সীমাবদ্ধতা ও স্বাতন্ত্র্যের স্বরূপটি বুঝিয়ে দাও ।

১১। ''চন্ডীদাস কয়    নব পরিচয়
কালিয়া বঁধুর সনে ।''

কোন্ পর্যায়ের পদ ? এই পর্যায়ের পদের বিশেষত্ব কী ? এই অংশের তাৎপর্য ব্যাখ্যা করো ।

১২। ''যে মুহূর্তে পুর্ণ তুমি
সে মুহূর্তে কিছু তব নাই,
তুমি তাই পবিত্র সদাই ।''

— ভাবার্থ বিশ্লেষণ করো ।

১৩। ড্রামাটিক মনোলগ হিসাবে 'বীরাঙ্গনা কাব্যে'র সার্থকতা বিচার করো ।

১৪। ''অবনী বাড়ি আছো'' কবিতার মূলভাব ব্যক্ত করো ।

---

২০১৮

বাংলা

(সাম্মানিক)

দ্বিতীয় পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১৫ × ২

(ক) শব্দার্থ-পরিবর্তন বলতে কী বোঝায় ? এই পরিবর্তনের ধারাগুলি সম্পর্কে বিস্তৃত আলোচনা করো । ২ + ১৩

(খ) কারক কাকে বলে ? বিভিন্ন প্রকার কারকের উদাহরণ সহ আলোচনা করো । ১ + ১৪

( *Turn Over* )

(গ) ধ্বনি পরিবর্তনের কারণগুলি আলোচনা করে ধ্বনি পরিবর্তনের বিভিন্ন রীতি সম্পর্কে দৃষ্টান্ত সহ আলোচনা করো । ৩ + ১২

(ঘ) ভাষা–উপভাষার সম্পর্ক কী ? ঝাড়খণ্ডী উপভাষার প্রচলন ভূমির উল্লেখ করে এই উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্ত সহ আলোচনা কর । ২ + ১ + ১২

২। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ৫ × ২

(ক) বাংলা ব্যাকরণ চর্চায় রামমোহন রায়ের অবদান আলোচনা করো । ৫

(খ) প্রাচীন বাংলার পাঁচটি বৈশিষ্ট্যের পরিচয় দাও । ৫

(গ) দৃষ্টান্তসহকারে যৌগিক ক্রিয়া ও সংযোগমূলক ক্রিয়ার পরিচয় দাও । $২\frac{১}{২} + ২\frac{১}{২}$

(ঘ) টীকা লেখো ঃ $২\frac{১}{২} + ২\frac{১}{২}$

প্রশ্নবাচক সর্বনাম, মিশ্রশব্দ ।

৩। যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও ঃ ১০ × ২

(ক) উদাহরণ সহ শোককাব্যের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো । ১০

(খ) চেতনা প্রবাহী উপন্যাসের বৈশিষ্ট্যগুলি পর্যালোচনা করো । ১০

(গ) ট্র্যাজেডির সংজ্ঞা দাও । ট্র্যাজেডির শ্রেণীবিভাগ সম্পর্কে আলোচনা করো । ৩ + ৭

(ঘ) টীকা লেখো : ছোটগল্প, গীতি কাব্য । ৫ + ৫

৪। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০ × ১

(ক) সনেটের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে তার প্রকারগুলি সম্পর্কে আলোচনা করো । ৪ + ৬

(খ) টীকা লেখো : মুক্তক ছন্দ, চরণ ৫ + ৫

৫। যে কোনো একটি উদ্ধৃতির ছন্দোলিপি নির্ণয় করো : ৫ × ১

(ক) তোমার মাপে হয়নি সবাই
তুমিও হওনি সবার মাপে
তুমি মর কারও ঠেলায়
কেউ বা মরে তোমার চাপে ।

(খ) অনেক হলো দিন অনেক হলো বলে
এবার আমি ফিরি ফেরার কুতূহলে
এবার আমি ফিরি ফেরার কামনায়
অনেক হলো দিন অনেক হলো হায় ।

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০ × ১

(ক) উপমা অলংকার কাকে বলে ? বিভিন্ন প্রকার উপমা অলংকারের পরিচয় উদাহরণ সহ লেখো। ১০

(খ) টীকা লেখ : ব্যাজস্তুতি, অপহ্নুতি। ৫ + ৫

৭। যে কোনো একটি অলংকার নির্ণয় করো : ৫

(ক) হৃদয়কাননে কত শত আশালতা শুখায়ে মরিল।

(খ) আমি নইলে মিথ্যা হত সন্ধ্যাতারা ওঠা
মিথ্যা হত কাননে ফুল ফোটা।

---

২০১৮

বাংলা

( সাম্মানিক )

পত্র — প্রথম

*পূর্ণমান* : ৯০

*সময়* : ৪ ঘণ্টা

*দক্ষিণ–প্রান্তস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

১। যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১৫×৩

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের আবিষ্কার ও নামকরণ সম্পর্কে আলোচনা করো।

(খ) শঙ্খ ঘোষের কবিপ্রতিভার পরিচয় দাও।

(গ) 'শারদোৎসব'–পূর্ববর্তী রবীন্দ্র নাট্যধারার পরিচয় দাও।

(ঘ) বাংলা ছোটগল্পে আশাপূর্ণা দেবীর দান পর্যালোচনা করো।

( *Turn Over* )

(ঙ) বাংলা গদ্যের ধারায় কালীপ্রসন্ন সিংহের ভূমিকা ও কৃতিত্ব পর্যালোচনা করো ।

২। ভবভূতির সাহিত্যকৃতি আলোচনা করো । ১৫

*অথবা*

সংস্কৃত সাহিত্যের ইতিহাসে ভারবির দান পর্যালোচনা করো ।

৩। ওয়ার্ডসওয়ার্থের কাব্য-বৈশিষ্ট্যের পরিচয় দাও । ১৫

*অথবা*

টি. এস. এলিয়টের কবি প্রতিভার মূল্যায়ন করো ।

৪। যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×৩

(ক) কৃত্তিবাসী রামায়ণের জনপ্রিয়তার কারণগুলি আলোচনা করো ।

(খ) সুভাষ মুখোপাধ্যায়ের কবি মানসিকতার সংক্ষিপ্ত পরিচয় দাও ।

(গ) মনোজ মিত্রের নাটকের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো ।

(ঘ) তারাশঙ্করের উপন্যাসে আঞ্চলিক উপাদান সম্পর্কে অতিসংক্ষেপে লেখো।

(ঙ) বাংলাগদ্যে শ্রীরামপুর মিশনের ভূমিকা আলোচনা করো।

---

২০১৭

বাংলা

(সাম্মানিক)

অষ্টম পত্র

*পূর্ণমান : ৬০*

*সময় : ৩ ঘণ্টা*

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

( নূতন পাঠক্রম )

**বর্গ—ক**

*( লোকসাহিত্য ও লোকসংস্কৃতি )*

১। লোকবিশ্বাস ও লোকসংস্কারের মধ্যে সম্পর্ক কি ? দৃষ্টান্ত দিয়ে লোকবিশ্বাসের বৈজ্ঞানিক ভিত্তি সম্পর্কে তোমার মতামত দাও। ১২

*অথবা*

লোকসংস্কৃতির সংজ্ঞা দাও। এর বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো।

২। যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১২×৩

(ক) 'লোকভাষা' কাকে বলে ? এর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) লোকসাহিত্যের সংজ্ঞা দিয়ে এর শ্রেণীবিভাগ করো এবং প্রত্যেকটি বিভাগের দৃষ্টান্তসহ আলোচনা করো।

(গ) রবীন্দ্রনাথের 'ছেলেভুলানো ছড়া' অবলম্বনে ছড়ার মধ্যে যে 'চিরত্ব' আছে তার পরিচয় দাও।

(ঘ) 'ব্রত' কাকে বলে ? অবনীন্দ্রনাথ বাংলার ব্রতকে কয়টি ভাগে বিভক্ত করেছেন ? দৃষ্টান্ত সহযোগে প্রতিটি বিভাগের আলোচনা করো।

(ঙ) 'গীতিকার' সংজ্ঞা দাও। গীতিকা হিসাবে 'চন্দ্রাবতী' পালার সার্থকতা বিচার করো।

(চ) 'ধাঁধা কাকে বলে ? ধাঁধা কয় প্রকার ও কি কি ? প্রতিটি বিভাগের বিশদ আলোচনা করো।

৩। যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৪×৩

(ক) 'Folklore' এর আভিধানিক অর্থ কি ? এ সম্পর্কে লোকবিদদের অভিমত কী ?

(খ) 'রূপকথা' কি কেবল শিশুদের সাহিত্য ? এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো।

(*গ*) 'চন্দ্রাবতী' পালায় প্রতিফলিত সমাজের বিবরণ দাও ।

(*ঘ*) 'ঝুমুর' নামকরণের তাৎপর্য আলোচনা করো ।

(*ঙ*) ক্ষেত্র সমীক্ষা ভিন্ন লোকসংস্কৃতি চর্চা সম্পূর্ণ হতে পারে না— মন্তব্যটি আলোচনা করো ।

(*চ*) যে কোনো *একটি* টীকা লেখো ঃ

টোটেম, মানত, প্রবাদ ।

## বর্গ—খ

## (*কথাসাহিত্য*)

১। যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১২×৩

(*ক*) 'ইছামতী' উপন্যাসে লেখকের আত্মজীবনের প্রতিফলন কতদূর ঘটেছে তা পর্যালোচনা করো ।

(*খ*) 'প্রথম প্রতিশ্রুতি'-তে নারীর সংগ্রামের ইতিবৃত্ত উপস্থাপনে লেখিকার কৃতিত্ব বিচার করো ।

(*গ*) 'গৌড়মল্লার' উপন্যাসের ঐতিহাসিকতা বিচার করো ।

(*ঘ*) 'শাম্ব'-উপন্যাসে পুরাণের নবরূপায়নে লেখকের কৃতিত্ব পরিমাপ করো ।

২। যে কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১২×১

(ক) 'বেদেনী' গল্পে তীব্র যৌবনাসক্তির পরিচয় উপস্থাপনে লেখকের কৃতিত্ব পর্যালোচনা করো।

(খ) 'প্রাগৈতিহাসিক' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) 'হয়তো' গল্পের শিক্ষারীতি বিশ্লেষণ করো।

৩। যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×৩

(ক) 'শাম্ব' উপন্যাসে নিজের কুষ্ঠ নিরাময়ের জন্য শাম্ব কী উপায় অবলম্বন করেছিলেন তা সংক্ষেপে লেখো।

(খ) 'রসময়ীর রসিকতা' গল্প অবলম্বনে প্রভাতকুমারের হাস্যরস সৃজন-কৌশল বর্ণনা করো।

(গ) 'টোপ' গল্পে ভয়াল সুন্দর অরণ্য-প্রকৃতির বর্ণনায় গল্পকারের কৃতিত্ব পরিমাপ করো।

(ঘ) 'অশ্বমেধের ঘোড়া'-য় লেখকের মূল প্রতিপাদ্য কী ?

(ঙ) 'বেদেনী' গল্পে বেদে-জীবনের যে আলেখ্য উপস্থিত তা, সংক্ষেপে বর্ণনা করো।

## বর্গ—গ

### (*নাটক*)

১। যে কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১২×১

(ক) বাংলা নাটকে শেক্সপীয়রের প্রভাব বিষয়ে আলোচনা করো।

(খ) অ্যাবসার্ড দর্শন কী ? বাংলা নাটকে এই দর্শনের প্রতিফলন কীভাবে ঘটেছে— আলোচনা করো।

২। যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১২×৩

(ক) প্রহসন হিসাবে 'সধবার একাদশী'র সার্থকতা বিচার করো।

(খ) সাংকেতিক নাটক হিসাবে 'ডাকঘর'–এর মূল্যায়ন করো।

(গ) 'বল্লভপুরের রূপকথা' নাটকটির আঙ্গিক পর্যালোচনা করো।

(ঘ) 'কণ্ঠনালীর সূর্য' নাটকটির নামকরণের যথার্থতা বিচার করো।

৩। যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×৩

(ক) কোন্ বাঙালী নাট্যকারের নাটকে শেক্সপীয়রের প্রভাব সবচেয়ে বেশী পড়েছে ? তাঁর এ জাতীয় নাটকগুলির উল্লেখ করো।

(খ) বাদল সরকারের নাটকে অ্যাবসার্ড দর্শনের প্রতিফলন কীভাবে ঘটেছে সংক্ষেপে লেখো।

(গ) 'সধবার একাদশী'-র নিমচাঁদ চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।

(ঘ) রবীন্দ্রনাথের রূপক-সাংকেতিক নাটক রচনার উৎসে ক্রিয়াশীল পাশ্চাত্য নাটকের সংক্ষিপ্ত পরিচয় দাও।

## বর্গ—ঘ

## (*রবীন্দ্রসাহিত্য*)

১। যে কোনো *একটি* প্রশ্নের উত্তর দাও : ১২×১

(ক) 'ক্যামেলিয়া' কবিতাটির ভাব-সৌন্দর্য বিচার করো।

(খ) 'মানবপুত্র' কবিতায় কবির দার্শনিক উপলব্ধির যে স্বরূপ প্রকশিত হয়েছে তা বিশ্লেষণ করো।

২। যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ১২×৩

(ক) 'যোগাযোগ' উপন্যাসের কুমুদিনী চরিত্রটির মধ্যে যে মনস্তত্ত্ব ধরা পড়েছে তা বিশ্লেষণ করো।

(খ) 'সত্যের আহ্বান' প্রবন্ধে রবীন্দ্রনাথ কোন্ সত্যকে আহ্বান করতে চেয়েছেন ?

(গ) 'রাজা' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

(ঘ) 'পোস্টমাস্টার' গল্পে রতন ও পোস্টমাস্টারের দুরধিগম্য সম্পর্ক নিয়ে আলোচনা করো।

(ঙ) 'নিশীথে' গল্পটি মনস্তাত্ত্বিক গল্প হিসাবে কতখানি সার্থক বিচার করো।

(চ) 'কোপাই' কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের প্রকৃতি প্রেমের পরিচয় দাও।

৩। যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ৩

(ক) 'বাঁশী' কবিতায় বাঁশীর রূপকার্থ ব্যাখ্যা করো।

(খ) 'ছেলেটা' কবিতায় কবির বস্তু–সচেতনতার পরিচয় দাও।

(গ) 'যোগাযোগ' কবে গ্রন্থাকারে প্রকাশিত হয় এটি কোন্ পত্রিকায় কোন্ সময়ে প্রকাশিত হয়। এই উপন্যাসের পূর্বনাম কি ছিল ?

(ঘ) 'বাতায়নিকের পত্র' প্রবন্ধে 'বাতায়নিক' কথাটির তাৎপর্য কী ?

(ঙ) 'রাজা' নাটকের সুরঙ্গমা চরিত্রটি বিশ্লেষণ করো ।

(চ) 'গুপ্তধন'–এ মৃত্যুঞ্জয়ের স্বর্ণতৃষা কোন্ জীবনাকাঙ্ক্ষার কাছে পরাজিত হল বিশ্লেষণ করো ।

---

২০১৭

বাংলা

( সাম্মানিক )

অষ্টম পত্র

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

( পুরাতন পাঠক্রম )

বর্গ — ১

(*লোকসাহিত্য ও লোকসংস্কৃতি* )

*পূর্ণমান* : ৬০

*সময়* : ৩ ঘণ্টা

১। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও : ১২ × ২

(ক) লোকসংস্কৃতির সঙ্গে শিষ্টসংস্কৃতির পার্থক্য নির্দেশ করো। এই প্রসঙ্গে লোকসংস্কৃতির নানা স্তরের পরিচয় দাও।

( *Turn Over* )

(খ) লোকবিশ্বাস কাকে বলে ? দৃষ্টান্তসহ লোকবিশ্বাস ও লোকসংস্কারের তুলনামূলক আলোচনা করো ।

(গ) নায়ক হিসাবে নদ্যারচাঁদ কতটা সার্থক 'মহুয়া' গীতিকা অবলম্বনে আলোচনা করো ।

(ঘ) ছড়ার মধ্যে যে 'চিরত্ব' আছে তা রবীন্দ্রনাথের 'ছেলেভুলানো ছড়া' প্রবন্ধ অবলম্বনে বিশ্লেষণ করো ।

(ঙ) ব্রত কাকে বলে ? অবনীন্দ্রনাথ ব্রতকে কয়টি বিভাগে বিভক্ত করেছেন, দৃষ্টান্তসহ আলোচনা করো ।

২। যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ৬ × ৪

(ক) 'চন্দ্রাবতী' ব্যালাড রূপে কতখানি সার্থক আলোচনা করো ।

(খ) বাংলা প্রবাদের মধ্যে নারীচরিত্রের প্রতিফলন কতখানি হয়েছে তা আলোচনা করো ।

(গ) গীতিকা ও ব্যালাডের তুলনামূলক আলোচনা করো ।

(ঘ) 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধে রবীন্দ্রনাথ 'হরগৌরী বিষয়ক গান'কে কেন বাংলার ঘরের কথা বলেছেন তা বিশ্লেষণ করো ।

(ঙ) লোককথা ও উপকথার পার্থক্য নিরূপণ করো ।

(চ) লোকসাহিত্য কী ? দৃষ্টান্তসহ লোকসাহিত্যের শ্রেণীবিচার করো ।

(ছ) ভাষা, উপভাষা ও লোকভাষার সম্পর্ক নিরূপণ করো ।

৩। যে কোনো *তিনটি* বিষয়ে টীকা রচনা করো ঃ ৪ × ৩

ট্যাবু, খনারবচন, বৃক্ষপূজা, আলপনা, গম্ভীরা, গায়ে হলুদ, রূপকথা, ক্ষেত্রবন্ধু ।

বর্গ — ২

( *বঙ্কিম সাহিত্য* )

*পূর্ণমান* : ৯০

*সময়* : ৪ ঘণ্টা

১। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও : ১৫ × ২

(ক) কপালকুণ্ডলা 'প্রকৃতিকন্যা' — আলোচনা করো ।

(খ) 'বিষবৃক্ষ' উপন্যাসে দেবেন্দ্র-হীরা উপকাহিনীর যৌক্তিকতা বিচার করো ।

(গ) 'রজনী' উপন্যাসে অমরনাথ চরিত্রের পরিণতি কতটা শিল্পসম্মত তা বিশ্লেষণ করে দেখাও ।

(ঘ) 'দেবী চৌধুরানী' উপন্যাসে ব্যবহৃত ঐতিহাসিক পটভূমিটি পর্যালোচনা করো ।

(ঙ) 'মনুষ্যফল' রচনা সূত্রে কমলাকান্তের জীবন-দর্শনের পরিচয় দাও ।

২। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ৮ × ৫

(ক) ''প্রদীপ নিভিয়া গেল'' -- কোন্ পরিস্থিতিতে এ ঘটনা ঘটেছিল ? প্রদীপ কেন নিভে গিয়েছিল ? এর তাৎপর্য বিশ্লেষণ করো ।

৩ + ২ + ৩

(খ) ''কদাচ আত্মহত্যা করিও না । আত্মহত্যা পরহত্যাতুল্য পাপ'' । — কে, কখন, কাকে একথা বুঝিয়েছেন ? উপন্যাসে বক্তার ভূমিকা বিচার করো । ৪ + ৪

(গ) 'দেবীচৌধুরাণী' উপন্যাসে সাগর বৌ, নয়ান বৌ ও ব্রহ্মাঠাকুরাণী চরিত্র তিনটির প্রকৃতি ও ভূমিকা আলোচনা করো । ৮

(ঘ) 'রজনী' উপন্যাসে সন্ন্যাসী চরিত্রটি সৃষ্টির উপযোগিতা ও গুরুত্ব বিচার করো । ৮

(ঙ) 'বঙ্গদেশে কৃষক' প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্রের সমাজ ভাবনার পরিচয় দাও । ৮

(চ) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থের 'স্ত্রীলোকের রূপ' প্রবন্ধ অবলম্বনে নারী জাতি সম্বন্ধে লেখকের মনোভাব স্পষ্ট করো । ৮

(ছ) 'কমলাকান্তের দপ্তর' এর 'ফুলের বিবাহ' প্রবন্ধটিতে স্রষ্টার সমাজ সচেতন সরস দৃষ্টিভঙ্গীর বিচার করো । ৮

(জ) 'ব্যঙ্গ–কৌতুকের আশ্রয়ে বঙ্কিমচন্দ্র সমাজের অনেক অসংগতিকে তুলে ধরেছেন তাঁর 'কমলাকান্তের দপ্তর' রচনায় । — উদাহরণ সহযোগে আলোচনা করো । ৮

৩। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ৫

(ক) 'কপালকুণ্ডলা' উপন্যাসে রাত্রির ভূমিকা ও গুরুত্ব সম্পর্কে আলোচনা করো ।

(খ) 'বিষবৃক্ষ' উপন্যাসে কুন্দনন্দিনীর দেখা স্বপ্ন সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো ।

(গ) 'দেবীচৌধুরানী' উপন্যাসে ব্রজেশ্বর কেন প্রফুল্লকে ত্যাগ করেছিল ?

(ঘ) 'রজনী' উপন্যাসে শচীন্দ্র চরিত্রটির সংক্ষিপ্ত পরিচয় দাও ।

(ঙ) 'একা' নিবন্ধে বঙ্কিম কোন্ সঙ্গীতের কথা বলেছেন ?

(চ) 'রজনী' উপন্যাসে যে–দুটি পাশ্চাত্য গ্রন্থের প্রভাব আছে সেগুলির নাম ও রচয়িতাদের নাম লেখো ।

(ছ) সূর্যমুখীর গৃহত্যাগের কারণ ব্যাখ্যা করো ।

বর্গ — ৩

*(রবীন্দ্র সাহিত্য)*

*পূর্ণমান* : ৯০

*সময়* : ৪ ঘণ্টা

১। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও : ১৫ × ২

(ক) 'সোনারতরী' কাব্যে রবীন্দ্রনাথ প্রেমকে অতীন্দ্রিয়লোকের বিষয়রূপে না দেখে কিভাবে মানবিক প্রতীকরূপে দেখেছেন সে বিষয়ে আলোচনা করো ।

(খ) 'শেষের কবিতা' উপন্যাসে ব্যবহৃত কবিতাগুলির গুরুত্ব ও তাৎপর্য বুঝিয়ে দাও ।

(গ) *'ভ্রমণ সাহিত্য' হিসেবে 'রাশিয়ার চিঠি'র মূল্যায়ন* করো ।

(ঘ) রবীন্দ্রনাথের 'বিচিত্র প্রবন্ধ' বাংলা আত্মনিষ্ঠ প্রবন্ধের ক্ষেত্রে এক অভিনব সংযোজন — আলোচনা করো ।

(ঙ) 'রাজা' নাটকে ব্যবহৃত গানগুলির নাট্য–তাৎপর্য নির্দেশ করো ।

(চ) 'পোষ্টমাস্টার' গল্পে রতন ও পোষ্টমাস্টারের সম্পর্কের রহস্যময়তা বিশ্লেষণ করো ।

২। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ৮ × ৫

(ক) 'সোনারতরী' কবিতাটির তাৎপর্য বিশ্লেষণ করো ।

(খ) 'শেষের কবিতা'কে উপন্যাস বলা যায় কি ? — তোমার মতের সপক্ষে যুক্তি দাও ।

(গ) 'রাশিয়ার চিঠি' অবলম্বনে রবীন্দ্রনাথের পল্লীচিন্তার পরিচয় দাও ।

(ঘ) 'বাজে কথা' প্রবন্ধের ভাববস্তু বিশ্লেষণ করো ।

(ঙ) 'রাজা' নাটকে সুরঙ্গমা চরিত্রটি বিশ্লেষণ করো ।

(চ) 'রাজা' নাটকে মূল তত্ত্ব কি ? সংক্ষেপে বুঝিয়ে দাও ।

(ছ) কাদম্বিনীর মৃত্যু কিভাবে কখন ঘটেছিল ?

৩। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ৫

(ক) 'সোনারতরী' কাব্যের কবিতাগুলিকে ক'টি শ্রেণীতে ভাগ করা যায় ? ভাগগুলি কি কি ?

(খ) 'শেষের কবিতা' উপন্যাসে নিবারণ চক্রবর্তী চরিত্রটিকে রবীন্দ্রনাথের হাতে রবীন্দ্রনাথেরই প্রতিবাদ বলা যায় কি ?

(গ) 'লাইব্রেরী' ও 'সোনারকাঠি' প্রবন্ধ দুটি কোন দিক থেকে বিশেষভাবে উল্লেখযোগ্য ?

(ঘ) রাশিয়ার সাধারণ মানুষদের শিক্ষা দেওয়ার ব্যবস্থাকে রবীন্দ্রনাথ "ঐতিহাসিক-মহাযজ্ঞ' বলেছেন কেন ?

(ঙ) 'রাজা' নাটকে সুদর্শনা ও রাজার মধ্যে প্রকৃত সম্পর্কটি সংক্ষেপে লেখো ।

(চ) 'দেনা পাওনা' গল্পে নিরুপমার চিতা কি কাঠ দিয়ে সাজানো হয়েছিল ? সে কি তার প্রতি শ্রদ্ধায় ? — আলোচনা করো ।

(ছ) অনধিকার প্রবেশ' গল্পটিতে কে, কোথায়, কিভাবে অনধিকার প্রবেশ করেছিল ?

বর্গ — ৪

(*শরৎ সাহিত্য*)

*পূর্ণমান* : ৯০

*সময়* : ৪ ঘণ্টা

১। যে কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাও : ১৫ × ২

(*ক*) 'পল্লীসমাজ' উপন্যাসে 'বিশ্বেশ্বরী' চরিত্রটির ভূমিকা ও গুরুত্ব সম্পর্কে আলোচনা করো ।

(*খ*) 'দেনাপাওনা' উপন্যাসে শরৎচন্দ্র সমাজ স্বীকৃত বৈধ দাম্পত্য প্রেমের যে কাহিনী বর্ণনা করেছেন তা আলোচনা করো ।

(*গ*) নরেন শরৎ সাহিত্যের ছাপ মারা নায়কের মতো হলেও, সরলতাই তার চরিত্রের বড় বৈশিষ্ট্য । আলোচনা করো ।

(*ঘ*) 'শ্রীকান্ত'র রাজলক্ষ্মীর মধ্যে দ্বিমুখী চরিত্রের সন্ধান পাওয়া যায়—বাইরেরটা ছলাকলায় পূর্ণ, কিন্তু অন্তরে সে প্রেমময়ী রাজলক্ষ্মী । রাজলক্ষ্মী চরিত্রটি আলোচনা করে বিষয়টা বুঝিয়ে দাও ।

(ঙ) নারীর আত্মমর্যাদা রক্ষার্থে 'নারীর মূল্য' প্রবন্ধটি আজকের দিনে কতখানি প্রাসঙ্গিক, সে সম্পর্কে তোমার মতামত ব্যক্ত করো ।

(চ) "মেয়ে মানুষকে আমরা যে কেবল মেয়ে করেই রেখেছি, মানুষ হতে দিইনি" (স্বরাজ–সাধনায় নারী) —নারী জাতি সম্পর্কে শরৎচন্দ্র কেন এ ধরনের খেদোক্তি করেছেন তা তাঁর চিন্তানুসরণে ব্যক্ত করো ।

২। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ৮ × ৫

(ক) 'যত দুঃখ তাকে দিয়েছি তার অনেক বেশী দুঃখ যে আমিও পেয়েছি"। —'পল্লীসমাজ' উপন্যাসের ঘটনাবলীর আলোকে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো ।

(খ) 'দেনাপাওনা' উপন্যাসে জীবানন্দ ও ষোড়শীর পারস্পরিক সম্পর্কের স্বরূপ বিশ্লেষণ করো ।

(গ) 'দত্তা' উপন্যাসে সমকালীন ধর্মান্দোলন কিভাবে ঘটনা ও চরিত্রের ওপর প্রভাব ফেলেছে তা আলোচনা করে দেখাও ।

(ঘ) 'শ্রীকান্ত' (৪র্থ পর্ব) উপন্যাসে বাংলার প্রচলিত বৈষ্ণব জীবনাচারের যে পরিচয় পাওয়া যায় তার বিবরণ দাও ।

(ঙ) 'সমাজে নারীর স্থান নামিয়া আসিলে নর–নারী উভয়েরই অনিষ্ট ঘটে।' — প্রসঙ্গে উল্লেখ করে ব্যাখ্যা করো।

(চ) 'স্বদেশ ও সাহিত্য' প্রবন্ধে 'আধুনিক সাহিত্যের কৈফিয়ত' অংশে প্রাবন্ধিক কিসের কি কৈফিয়ত দিয়েছেন আলোচনা করো।

(ছ) রাজলক্ষ্মীকে শেষ পর্যন্ত কমলতার সঙ্গে প্রতিযোগিতায় অবতীর্ণ হতে হয়েছে — আলোচনা করো।

(জ) 'নারীর মূল্য' প্রবন্ধে নিজের বক্তব্যের সমর্থনে প্রাবন্ধিক পাশ্চাত্য চিন্তাবিদদের যে সমস্ত মতামত উপস্থাপিত করেছেন সে বিষয়ে আলোচনা করো।

(ঝ) "বেশ, আপনি যা পারেন করবেন, কিন্তু অপরের ধর্ম–কর্মে আমি বাধা দিতে পারব না।" — বক্তা কে? কাকে কোন প্রসঙ্গে বক্তা একথা বলেছে এবং কেন বলেছে?

৩। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ৫

(ক) তারকেশ্বরে রমা ও রমেশের সাক্ষাতের প্রসঙ্গটি ব্যাখ্যা করে উপন্যাসে এর গুরুত্ব বিচার করো।

(খ) ষোড়শী চরিত্রের পুরুষোচিত গুণগুলি উল্লেখ করো।

(গ) 'স্বদেশ ও সাহিত্য' প্রবন্ধে 'আমার কথা'য় প্রাবন্ধিক কি বলতে চেয়েছেন সংক্ষেপে লেখো ।

(ঘ) 'নারীর মূল্য' প্রবন্ধে বিধবাবিবাহ প্রসঙ্গে লেখকের অভিমত সম্পর্কে আলোচনা করো ।

(ঙ) 'দত্তা' উপন্যাসের বিলাস চরিত্রের স্বরূপ সংক্ষেপে বিশ্লেষণ করো ।

(চ) 'ফুলের বদলে বন থেকে তুলে বঁইচির মালা গেঁথে কোন্ শৈশবে তোমাকে বরণ করেছিলুম সে তোমার মনে নেই' । —বক্তা কে ? কাকে বলেছে ? বক্তার শৈশবের ঘটনা সংক্ষেপে বর্ণনা করো ।

(ছ) ''নারীর ন্যায্য অধিকার থেকে কমবেশি প্রায় সমস্ত দেশের পুরুষ তাদের বঞ্চিত করে রেখেছেন । সেই পাপের প্রায়শ্চিত্ত তাই আজ দেশ জুড়ে আরম্ভ হয়ে গেছে'' । প্রসঙ্গপূর্বক বক্তব্যটি বিশ্লেষণ করো ।

(জ) ''বড়দা, বাবা বলতেন আগুনের শেষ, ঋণের শেষ, আর শত্রুর শেষ কখনো রাখিস নে মা ।''— বক্তা কে ? কাকে কোন্ উদ্দেশ্যে বলেছে ?

---

# ২০১৭

## বাংলা

( সাম্মানিক )

সপ্তম পত্র

*পূর্ণমান :* ৯০

*সময় :* ৪ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

( নূতন পাঠক্রম )

বিভাগ—ক

১। যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও : ১২ × ৪

(ক) 'সাহিত্যের বিচারক' প্রবন্ধ অবলম্বনে সাহিত্য সমালোচনা ও সমালোচকের আদর্শ সম্বন্ধে রবীন্দ্রনাথের অভিমত কীভাবে প্রকাশিত হয়েছে, তা বুঝিয়ে দাও ।

(খ) 'কাব্যং গ্রাহ্যম্ অলঙ্কারাৎ' — এই মতবাদের পক্ষে ও বিপক্ষে যুক্তিগুলি দৃষ্টান্তসহ বিচার করো ।

(গ) 'সৌন্দর্যের সন্ধান' প্রবন্ধ অবলম্বনে অবনীন্দ্রনাথ ঠাকুরের সৌন্দর্য-দর্শনের পরিচয় দাও ।

(ঘ) আধুনিক সাহিত্য আন্দোলনে ফেমিনিজম-এর গুরুত্ব কতখানি— সে বিষয়ে আলোচনা করো ।

(ঙ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'ঐতিহাসিক উপন্যাস' প্রবন্ধে ইতিহাস ও উপন্যাসের সম্পর্ক ও সীমাবদ্ধতা বিষয়ে যে যুক্তিপূর্ণ বিশ্লেষণ আছে তার পরিচয় দাও ।

(চ) 'ধ্বনিরাত্মা কাব্যস্য'-কাব্য-বিচারের ক্ষেত্রে এই মতটির গ্রহণযোগ্যতা বিষয়ে মতামত দাও ।

(ছ) সিম্বলিজম-এর তাত্ত্বিক ও প্রয়োগিক দিকটির সংক্ষিপ্ত আলোচনা করো ।

## বিভাগ — খ

২। যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৪ × ৩

(ক) 'সাহিত্যের প্রধান অবলম্বন জ্ঞানের বিষয় নহে, ভাবের বিষয় ।' কোন্ প্রবন্ধে কার এই উক্তি ? মন্তব্যটি বিচার করো । ১ + ৩

(খ) 'সৌন্দর্যমূর্তিই মঙ্গলের পূর্ণমূর্তি এবং মঙ্গলমূর্তিই সৌন্দর্যের পূর্ণস্বরূপ ।' – কার লেখা কোন প্রবন্ধ থেকে উদ্ধৃত ? 'সৌন্দর্য' ও 'মঙ্গল' সম্পর্কে প্রাবন্ধিকের বক্তব্যটি সংক্ষেপে স্পষ্ট করো । ১ + ৩

(গ) টীকা লেখো ঃ বিভাব ও অনুভাব । ২ + ২

(ঘ) আচার্য ভরতের 'নাট্যশাস্ত্র' গ্রন্থে ক'টি রসের উল্লেখ আছে ? স্থায়ীভাবসহ সেই রসগুলির নাম লেখো । ১ + ৩

(ঙ) 'ন্যারেটোলজি'র যে কোনো দু–জন তাত্ত্বিকের নাম লেখো । সাহিত্যের বিচার–বিশ্লেষণে এই তত্ত্ব প্রধানত কোন্ কোন্ দৃষ্টিকোণের ওপর গুরুত্ব দিতে চায় — তা সংক্ষেপে লেখো । ১ + ৩

(চ) 'সুররিয়ালিজম'– এর উদ্ভব কোন দেশে ? বাংলা সাহিত্যে এই তত্ত্বের প্রয়োগ কীভাবে ঘটেছে একটি দৃষ্টান্ত দিয়ে বুঝিয়ে দাও । ১ + ৩

(ছ) 'শিল্প ও ভাষা' — প্রবন্ধে অবনীন্দ্রনাথ ঠাকুরের মূল বক্তব্যটি সংক্ষেপে লেখো । ৪

(জ) শিল্পীর দৃষ্টি শিল্পসৃষ্টিতে কীভাবে কার্যকরী ভূমিকা পালন করে, অবনীন্দ্রনাথ ঠাকুরের 'দৃষ্টি ও সৃষ্টি' প্রবন্ধ অবলম্বনে তার সংক্ষিপ্ত পরিচয় দাও । ৪

## বিভাগ—গ

৩। প্রবন্ধ লেখো (যে কোনো *একটি* ) : ৩০ × ১

(ক) মধ্যযুগের সাহিত্যে জীবিকা-বৈচিত্র্য

(খ) প্রাবন্ধিক রবীন্দ্রনাথ ঠাকুর

(গ) বাংলার গণনাট্য ও নবনাট্য আন্দোলন

(ঘ) মহাশ্বেতা দেবীর সাহিত্য সৃষ্টি

(ঙ) কবি সমর সেন

(চ) সাম্প্রতিক কালের বাংলা কবিতায় নিসর্গ ও প্রেম

(ছ) লিট্‌ল্ ম্যাগাজিন ও বাংলা সাহিত্য ।

---

২০১৭

বাংলা

(সাম্মানিক)

সপ্তম পত্র

*পূর্ণমান* ঃ ৯০

*সময়* ঃ ৪ ঘণ্টা

*দক্ষিণ–প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

( পুরাতন পাঠক্রম )

বিভাগ — ক

১। যে কোন *দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১৫×২

(ক) 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধে রবীন্দ্রনাথ ঠাকুরের সাহিত্যতত্ত্ব সম্পর্কিত ভাবনার পরিচয় কীভাবে প্রকাশ পেয়েছে বুঝিয়ে দাও।

(খ) 'ধ্বনি'–বলতে কী বোঝানো হয় ? ধ্বনির শ্রেণীবিভাগ করো। কোন্ ধ্বনিকে কেন শ্রেষ্ঠ ধ্বনি বলা হয় ? ধ্বনিকে কাব্যের আত্মা বলার যৌক্তিকতা বিচার করো।

( Turn Over )

(গ) ইংরেজি কাব্য-কবিতায় কবি ওয়ার্ডসওয়ার্থের অবদান সংক্ষেপে লেখো। বাংলায় অন্তত দুটি সাহিত্যকর্মের দৃষ্টান্ত দাও, যেখানে ওয়ার্ডসওয়ার্থ-এর রচনার প্রভাব পড়েছে।

(ঘ) সংস্কৃত সাহিত্যের ইতিহাসে বাণভট্ট কেন স্মরণীয় বুঝিয়ে দাও।

(ঙ) আধুনিক সাহিত্য আন্দোলনে রিয়ালিজম্ ও সিম্বলিজম্-এর ভূমিকা কতখানি সে বিষয়ে আলোচনা করো।

## বিভাগ — খ

২। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৮×৩

(ক) 'সাহিত্যের মা যেমন করিয়া কাঁদে প্রাকৃত-মা তেমন করিয়া কাঁদে না।' — উক্তিটির উৎস ও তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) স্থায়ীভাব কীভাবে বিভাব, অনুভাব ও সঞ্চারীভাবের মাধ্যমে রসে পরিণত হয়— বুঝিয়ে দাও।

(গ) ইংরেজী কাব্য-কবিতায় জন কীট্স্-এর কাব্য-প্রতিভার পরিচয় দাও।

(ঘ) ইংরেজী সাহিত্যে চার্লস্ ডিকেন্স কেন স্মরণীয় বুঝিয়ে দাও।

(ঙ) মহাভারতের মধ্য দিয়ে সমকালীন সমাজের চিত্র কীভাবে প্রতিফলিত হয়েছে তা সংক্ষেপে লেখো।

(চ) সাহিত্য-আন্দোলন প্রসঙ্গে ন্যাচারালিজিম্‌-এর মূল তত্ত্বটির উদ্ভব ও প্রধান প্রধান বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ লেখো।

## বিভাগ — গ

৩। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৩

(ক) "সৌন্দর্যবোধ ঠিকমত উদ্‌বোধনের জন্য ব্রহ্মচর্যের সাধনই আবশ্যক।"— উক্তিটি কার কোন্‌ রচনার অন্তর্গত ? ওই রচনার মূল গ্রন্থটি কত সালে প্রকাশিত ? ১+১

(খ) 'অভিনব ভারতী' কোন্‌ লেখকের কোন্‌ গ্রন্থের ভাষ্য গ্রন্থ ? ১+১

(গ) দু-জন প্রাচ্য ও দু-জন পাশ্চাত্য সাহিত্য-তাত্ত্বিকের নাম লেখো। ১+১

(ঘ) ভারবি কোন্‌ সময়ের সাহিত্যিক ? তাঁর রচিত একটি বিখ্যাত গ্রন্থের নাম লেখো। ১+১

(ঙ) 'সুররিয়ালিজম্‌'-এর উদ্ভব কোন্‌ দেশে ? বাংলা সাহিত্যে এই তত্ত্বের প্রয়োগ ঘটেছে এমন একটি দৃষ্টান্ত দাও। ১+১

(চ) স্রষ্টার নাম ও রচনাকাল লেখো : $\frac{১}{২}$×৪

আইভান হো (Ivanhoe), দ্য হলো ম্যান (The Hollow Man), প্যারাডাইস লস্ট (Paradise lost), ডেভিড কপার ফিল্ড(David Coperfield) ।

## বিভাগ — ঘ

৪। প্রবন্ধ লেখো (যে কোন *একটি*) : ৩০×১

(ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে নারীচরিত্র–চিত্রণ ।

(খ) গদ্যশিল্পী ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ।

(গ) রবীন্দ্রনাথের উপন্যাস ।

(ঘ) বাংলা সাহিত্যে হাস্যরস ।

(ঙ) বাংলা একাঙ্ক নাটকের উদ্ভব ও বিকাশ ।

(চ) মহাশ্বেতা দেবীর জীবন ও সাহিত্য চর্চা ।

(ছ) সাম্প্রতিক কালের বাংলা সাহিত্যে নিম্নবর্গ মানুষের জীবন চিত্র ।

---

UG/III/BENG/H/VI/17(New)

২০১৭

বাংলা

( সাম্মানিক )

ষষ্ঠ পত্র

*পূর্ণমান :* ৯০

*সময় :* ৪ ঘণ্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

( নূতন পাঠক্রম )

১। যে কোনো *পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ১৫ × ৫

(ক) বঙ্কিমচন্দ্রের অনুসরণে 'গীতিকাব্য'-এর রূপ ও স্বরূপ বিচার করো।

(খ) 'বাবু' প্রবন্ধ অনুসরণে বাবুদিগের প্রতি প্রাবন্ধিকের তির্যক মনোভঙ্গির পরিচয় দাও।

( *Turn Over* )

(গ) পত্রসাহিত্য হিসাবে রবীন্দ্রনাথের 'ছিন্নপত্র'-র বিচার করো ।

(ঘ) গদ্য-পদ্যের স্বাতন্ত্র্য ও কবিতায় ছন্দের অস্তিত্ব প্রসঙ্গে রবীন্দ্রনাথের মত ছিন্নপত্রের ৪৯ ও ৯৪ সংখ্যক পত্র অবলম্বনে আলোচনা করো ।

(ঙ) 'অপবিজ্ঞান' প্রবন্ধে রাজশেখর বসুর অভিমত বিশদভাবে বিবৃত করো ।

(চ) দুঃখান্ত পরিণতি সম্পর্কে পাশ্চাত্য সাহিত্যতাত্ত্বিকদের মত সুকুমারী ভট্টাচার্যের প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো ।

(ছ) অন্নদাশঙ্কর রায়ের 'আধুনিক যুগ ও রবীন্দ্রনাথ' প্রবন্ধ অনুসরণে প্রাবন্ধিক কথিত 'ভ্যানগার্ড' ও 'রিয়ারগার্ডের' পরিচয় দাও ।

(জ) 'সাহিত্যে সমস্যা' প্রবন্ধে যে বিশেষ সমস্যার কথা বলা হয়েছে সেটি বিশদভাবে বিবৃত করো ।

(ঝ) 'বর্তমান বঙ্গসাহিত্য' প্রবন্ধ অবলম্বনে সমসাময়িক বঙ্গসাহিত্য সম্পর্কে প্রমথ চৌধুরীর দৃষ্টিভঙ্গির পর্যালোচনা করো ।

(ঞ) 'বইপড়া' প্রবন্ধে গ্রন্থাগারের গুরুত্ব কীভাবে বিবেচিত হয়েছে তা লেখো।

২। যে কোনো *তিনটি* প্রশ্নের উত্তর দাও : ৫ × ৩

(ক) 'ভারতবর্ষের স্বাধীনতা এবং পরাধীনতা' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র প্রদত্ত চারটি প্রধান আলোচনা–সূত্রের উল্লেখ করো। ৫

(খ) 'ছিন্নপত্র'–র বহুস্থানে গল্পগুচ্ছের প্রকৃতিচিত্র ও চরিত্রচিত্রের সুস্পষ্ট আভাস রয়েছে। পাঠ্য পত্রগুলি অনুসরণে তার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

(গ) টীকা লেখো : $২\frac{১}{২}+২\frac{১}{২}$

মুদ্রারাক্ষস, মৃচ্ছকটিক।

(ঘ) টীকা লেখো : $২\frac{১}{২}+২\frac{১}{২}$

মেনেন্দর ও শাতকর্ণি।

(ঙ) 'সাধুভাষা ও চলিতভাষা' প্রবন্ধ অনুসরণে প্রাবন্ধিকের চলিত ভাষা সম্পর্কে মত উল্লেখ করো। ৫

Total Pages—4 **UG/III/BENG/H/VI/17(Old)**

২০১৭

বাংলা

(সাম্মানিক)

ষষ্ঠ পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘন্টা

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

( পুরাতন পাঠক্রম )

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১৫ × ২

(ক) বাংলা গদ্যের ধারায় রামমোহন রায়ের অবদান আলোচনা করো।

(খ) বাংলা চলিত গদ্যের ধারার একটি রূপরেখা রচনা করো।

(গ) 'অনুকরণ' প্রবন্ধ অবলম্বনে অনুকরণ বিষয়ে বঙ্কিমচন্দ্রের মত উল্লেখ করো।

( *Turn Over* )

(ঘ) কালিদাসের 'মেঘদূত' রবীন্দ্রনাথে নব-মেঘদূতে রূপান্তরিত হয়েছে।— 'মেঘদূত' প্রবন্ধ অনুসরণে বিশ্লেষণ করো।

(ঙ) 'বইপড়া' প্রবন্ধে গ্রন্থাগারের গুরুত্ব কীভাবে বিবেচিত হয়েছে তা লেখো।

(চ) বিদ্যাসাগরের 'পিতামহ রামজয় তর্কভূষণ' প্রবন্ধ অনুসরণে পিতামহ রামজয় তর্কভূষণ চরিত্রের পরিচয় দাও।

২। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৮ × ৫

(ক) বাংলা গদ্যচর্চায় ইউরোপীয় মিশনারীদের অবদান লেখো।

(খ) বাংলা গদ্যের পটভূমিতে রামেন্দ্রসুন্দর ত্রিবেদীর ভূমিকার পরিচয় দাও।

(গ) 'শকুন্তলা, মিরান্দা এবং দেস্‌দিমোনা' অবলম্বনে বঙ্কিমচন্দ্রের গদ্যশৈলীর বৈশিষ্ট্য আলোচনা করো।

(ঘ) 'কাব্যের উপেক্ষিতা' প্রবন্ধ অনুসরণে অনসূয়া ও প্রিয়ংবদার যুগ্ম ভূমিকার বিচার করো।

(ঙ) 'ভারতচন্দ্র' প্রবন্ধ অবলম্বনে কবিজীবনী বিশ্লেষণে প্রমথ চৌধুরীর কৃতিত্ব বিচার করো ।

(চ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের 'সংস্কৃতি' প্রবন্ধ অনুসরণে ভারতীয় সংস্কৃতির বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও ।

(ছ) 'স্বার্থই স্বার্থত্যাগের প্রধান শিক্ষক'—বিবেকানন্দের 'সমাজতন্ত্র' প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো ।

৩। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৪ × ৫

(ক) ফোর্ট উইলিয়াম কলেজের চারজন লেখকের নাম ও তাঁদের লিখিত চারটি গ্রন্থের নাম উল্লেখ করো । ২ + ২

(খ) টীকা লেখো (যে কোনো ১টি) : ৪

সীতার বনবাস, আলালের ঘরের দুলাল ।

(গ) 'শকুন্তলা, মিরান্দা এবং দেস্‌দিমোনা–তিন চরিত্র কোন্ লেখকের কোন্ গ্রন্থের নায়িকা ? ত্রয়ীর মধ্যে কী সাদৃশ্য ? ২ + ২

(ঘ) 'ভারতবর্ষের স্বাধীনতা এবং পরাধীনতা প্রবন্ধে বঙ্কিমচন্দ্র প্রদত্ত চারটি প্রধান আলোচনা সূত্রের উল্লেখ করো । ১ + ১ + ১ + ১

(ঙ) বীরবল কার ছদ্মনাম ? বীরবল নামগ্রহণের তাৎপর্য লেখো । ৪

(চ) কালচার শব্দের প্রতিশব্দ হিসাবে বঙ্কিমচন্দ্র ও রবীন্দ্রনাথ কী শব্দ ব্যবহার করতেন ? কালচার শব্দের উৎস কী ? ২ + ২

(ছ) 'না ভয় নেই, চাঁদ আছে'—কিসের ভয় ? চাঁদ কী ইঙ্গিত করে । ২ + ২

---

২০১৭

বাংলা

(সাম্মানিক)

পঞ্চম পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

*দক্ষিণ–প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

**( নূতন পাঠক্রম )**

প্রতিটি নাটক থেকে একটি করে মোট চারটি এবং একাঙ্ক নাটক থেকে একটি অর্থাৎ মোট পাঁচটি প্রশ্নের উত্তর দান আবশ্যিক : ১৫ × ৫

১। ট্রাজেডি নাটক হিসাবে 'কৃষ্ণকুমারী' কতখানি সার্থক তা আলোচনা করো।

( Turn Over )

*অথবা*

'কৃষ্ণকুমারী' নাটকের সংলাপ রচনায় নাট্যকারের কৃতিত্ব দেখাও ।

২। 'সীতা' নাটকের রামচন্দ্র চরিত্রের গুরুত্ব আলোচনা করো ।

*অথবা*

'সীতা' নাটকের ভাষা প্রয়োগে দ্বিজেন্দ্রলালের সার্থকতা বিচার করো ।

৩। " 'ফাল্গুনী' নাটক বাংলা নাট্যধারার অভিনব সৃষ্টি" — আলোচনা করো ।

*অথবা*

রূপক–নাটক রূপে 'ফাল্গুনী' নাটকের সার্থকতা বিচার করো ।

৪। ঐতিহাসিক নাটক হিসাবে 'গৈরিক পতাকা' কতখানি সার্থক আলোচনা করো ।

*অথবা*

'গৈরিক পতাকা' নাটকের গঠনকৌশল আলোচনা করো ।

৫। *'এক পশলা বৃষ্টি' নাটকটির* নামকরণের সার্থকতা বিচার করো ।

***অথবা***

'অশ্বত্থামা' চরিত্রের সংক্ষিপ্ত পরিচয় দাও ।

৬। যে কোন *তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫ × ৩

(*ক*) 'কৃষ্ণকুমারী' নাটকের ভীমসিংহ চরিত্রের গুরুত্ব আলোচনা করো ।

(*খ*) 'ফাল্গুনী' নাটকের চন্দ্রহাস চরিত্রের পরিচয় দাও ।

(*গ*) 'সীতা' নাটকের বাল্মীকি চরিত্রের মানবিকতার পরিচয় দাও ।

(*ঘ*) '.... মূর্খ ! এ রং নয় ! এ রক্ত — তাজা রক্ত ! টাটকা রক্ত ! এ আমার দৈনন্দিন ক্ষরণ !' — কে, কাকে, কেন এই উক্তি করেছেন ? উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো ।

(*ঙ*) নিম্নোক্ত নাটকগুলির রচয়িতা ও প্রকাশকাল লেখো ঃ

(*i*) বুড় সালিকের ঘাড়ে রোঁ

(*ii*) মুক্তধারা

(*iii*) সাজাহান

(*iv*) পান্ডব-গৌরব

(*v*) নরক গুলজার ।

---

**UG/II/BENG/H/IV/17(New)**

২০১৭

# বাংলা

(সাম্মানিক)

চতুর্থ পত্র

পূর্ণমান ঃ ৯০

সময় ঃ ৪ ঘন্টা

*দক্ষিণ–প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

( নূতন পাঠক্রম )

## বিভাগ — ক

**পাঁচটি প্রশ্নের উত্তর দাও ঃ** ১৫ x ৫

১। 'রাজসিংহ' উপন্যাসের চতুর্থ সংস্করণে স্ব–কথিত প্রতিপাদ্য বিষয়কে রূপায়নে উপন্যাসিক কতদূর সফল হয়েছেন তা পর্যালোচনা করো । ১৫

*অথবা*

'রাজসিংহ' উপন্যাস সম্পর্কে রবীন্দ্রনাথের মন্তব্য—"ঐতিহাসিক অংশের নায়ক ঔরঙ্গজেব রাজসিংহ ও বিধাতাপুরুষ। উপন্যাস অংশের নায়ক আছে কিনা জানি না।"—বিশ্লেষণ করো। ১৫

২। 'চোখের বালি'-র গল্পকে ভিতর থেকে ধাক্কা দিয়ে দারুণ করে তুলেছে মায়ের ঈর্ষা ....' – উপন্যাসটি সম্পর্কে স্বয়ং লেখকের এই মন্তব্যের যথার্থতা বিচার করো। ১৫

*অথবা*

'চোখের বালি' উপন্যাসে মহেন্দ্র–বিনোদিনী ও আশা–বিহারী সম্পর্কে জটিলতার রূপায়ণে উপন্যাসিকের কৃতিত্ব বিচার করো। ১৫

৩। 'শ্রীকান্ত' (১মপর্ব) উপন্যাসের আঙ্গিক বিশ্লেষণ করো। ১৫

*অথবা*

'শ্রীকান্ত'–১ম পর্ব–অবলম্বনে অপ্রধান চরিত্র সৃষ্টিতে শরৎচন্দ্রের কৃতিত্ব বিচার করো। ১৫

৪। 'ডানা' উপন্যাসের নামকরণের সার্থকতা বিচার করো। ১৫

*অথবা*

'ডানা' উপন্যাস আশ্রয়ে কবি বনফুলের পরিচয় দাও। ১৫

৫। 'চিকিৎসা সংকট' গল্প অবলম্বনে পরশুরামের হাস্যরস সৃজন–কৃতিত্ব পরিমাপ করো। ১৫

*অথবা*

'স্তন্যদায়িনী' গল্পে প্রতিফলিত লেখিকার সমাজ–চেতনার পরিচয় দাও। ১৫

বিভাগ — খ

যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ৩

৬। 'দুনিয়ার বাদশাহ্ হইলেও কেহ সুখী হয় না — কাহারও সাধ মেটে না' — প্রসঙ্গ উল্লেখ করে উক্তিটির মর্মার্থ ব্যাখ্যা করো। ৫

৭। 'চোখের বালি' উপন্যাসে চড়ুইভাতির ঘটনার তাৎপর্য ও প্রভাব ব্যাখ্যা করো। ৫

৮। 'শ্রীকান্ত' ১ম পর্বে শ্রীকান্তের নিশীথ শ্মশানের অভিজ্ঞতা বর্ণনায় লেখকের কৃতিত্ব পরিমাপ করো । ৫

৯। 'ডানা' উপন্যাসে সন্ন্যাসী চরিত্র–পরিকল্পনার গুরুত্ব ও তাৎপর্য সংক্ষেপে ব্যাখ্যা করো । ৫

১০। 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পে স্টিফান হোরো চরিত্রের আধারে লেখকের যে বক্তব্য প্রকাশিত হয়েছে তা সংক্ষেপে বিবৃত করো । ৫

১১। 'মেঘমল্লার' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো । ৫

---

২০১৭

বাংলা

(সাম্মানিক)

তৃতীয় পত্র

পূর্ণমান : ৯০

*সময় : ৪ ঘণ্টা*

*দক্ষিণ–প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন*

**( নূতন পাঠক্রম )**

যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১৫ × ৫

১। আক্ষেপানুরাগের স্বরূপ বিশ্লেষণ করে তোমার পাঠ্য আক্ষেপানু-রাগের পদ অবলম্বনে কবির কৃতিত্ব বিচার করো। ১৫

২। 'আজু রজনী হাসি ভাগে পোহায়লুঁ' — পদটি কোন পর্যায়ের ? বৈষ্ণব পদাবলী সাহিত্যে ঐ রস পর্যায়টি গ্রহণের তাৎপর্য কোথায় ? বিদ্যাপতির কবিমানসিকতার কোন বিশেষ দিক পদটিতে প্রতিফলিত সে সম্পর্কে আলোচনা করো। ১ + ৪ + ১০

( Turn Over )

৩। 'বীরাঙ্গনা' কাব্যের অনুযোগ পত্রিকাগুলিতে আধুনিক নারী-জীবনের যে সংকট ও সমস্যাকে উপস্থাপিত করা হয়েছে সে সম্পর্কে তোমার মত প্রতিষ্ঠা করো । ১৫

৪। 'সোমের প্রতি তারা' পত্র-কবিতায় নায়িকা চরিত্রে যে নীতিবোধের পীড়ন ও প্রেমের অনিবার্যতার স্বীকৃতি লক্ষ্য করা যায় তা আলোচনা করো । ১৫

৫। 'সাধারণ মেয়ে' কবিতার নামের মধ্যেই সাধারণ মেয়ের যে অসহায় পরিণাম নিহিত সে সম্পর্কে আলোচনা করো । ১৫

৬। 'ঐকতান' কবিতায় কবির জীবনদর্শন ও কাব্যদর্শনের যে পরিচয় মেলে তার স্বরূপ উদঘাটন করো । ১৫

৭। বিদ্রেহী কবি হিসাবে আখ্যাত হলেও নজরুলের কবি-স্বভাবের মৌল প্রবণতা রোম্যান্টিক । — 'বিদ্রোহী' কবিতা সম্পর্কে এই বক্তব্য যথার্থ কিনা আলোচনা করো । ১৫

৮। বিষ্ণু দে-র 'ঘোড়সওয়ার' কবিতার বহুমুখী ব্যাখ্যাগুলির স্বরূপ বিশ্লেষণ করে তোমার মতে কোন ব্যাখ্যাটি কবিতার অধিকতর অভিপ্রায়ী তা বুঝিয়ে দাও । ১৫

৯। 'মুখ ঢেকে যায় বিজ্ঞাপনে' কবিতায় আধুনিক মানুষের বর্তমান অবস্থাকে কবি যে রূপ দিয়েছেন তার স্বরূপ বিশ্লেষণ করো । ১৫

*যে কোন তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫ × ৩

১০। বৈষ্ণব রসতত্ত্বের বিচারে প্রার্থনা ও আত্মনিবেদনের পার্থক্য বুঝিয়ে দাও। 'দেই তুলসী তিল এ দেহ সমর্পিলুঁ' — বক্তব্যটির অন্তর্নিহিত অর্থ ব্যক্ত করো। ২ + ৩

১১। 'উড়ে প্রাণ, পোড়া কথা পড়ে যবে মনে ! / কি পাপে লিখিলা বিধি এ যাতনা ভালে ?' — কোন্ পত্রিকার অংশ ? 'পোড়া কথা'-টি কি ? বক্তার যাতনার স্বরূপটি বুঝিয়ে দাও। ১ + ১ + ৩

১২। 'ঠাঁই নাই, ঠাঁই নাই, ছোটো সে তরী' — তরী ছোটো হওয়ার রূপকার্থটি বুঝিয়ে দাও। সেই তরীতে বক্তার ঠাঁই হয় না কেন ? ৩ + ২

১৩। 'তবু যদি কথা শোনে সে পাগল ! মানিল না রবি-গান্ধীরে ! / হঠাৎ জাগিয়া বাঘ খুঁজে ফেরে নিশার আঁধারে বন চিরে !' — পাগল কে ? তার রবি-গান্ধীকে না মানা এবং অন্ধকার বনে বাঘ খোঁজার কারণ বুঝিয়ে দাও। ১ + ৪

১৪। 'জুড়িয়ে দিলো চোখ আমার, পুড়িয়ে দিলো চোখ / বাড়িতে এসে বলেছিলাম, ওদের ভালো হোক।' — কার লেখা কোন কবিতার অংশ ? অংশটি সপ্রসঙ্গ ব্যাখ্যা করো। ১ + ১ + ৩

---